# হাসি খুশি

## দ্বিতীয় শ্রেণী

(ভাষা, গণিত ও পরিবেশ অধ্যয়নের সমন্বিত পাঠ্যপুস্তক ও কার্য পুস্তক)

শিক্ষক শিক্ষা নির্দেশালয় এবং
রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ
ওড়িশা, ভুবনেশ্বর

ওড়িশা বিদ্যালয় শিক্ষা কার্যক্রম প্রাধিকরণ,
ভুবনেশ্বর।

# হাসি খুশি

## দ্বিতীয় শ্রেণী

**সম্পাদক মণ্ডলী ঃ**

ড. চক্রধর বিশ্বাস
সুশ্রী জ্যোর্তিময়ী বেহেরা
সুশ্রী মমতা স্বাইঁ
শ্রী প্রমোদ কুমার মল্লিক
শ্রী প্রফুল্ল কুমার পাণ্ডা

**অনুবাদক মণ্ডলী ঃ**

প্রফেসার দীপাস্য কুণ্ডু (অনুবাদক)
শ্রীমতী সুচিত্রা দাস (সমীক্ষক)
শ্রীমতী মধুমিতা ব্যানার্জ্জী

**সংযোজনা ঃ**

ড. সবিতা সাহু

**সমীক্ষক মণ্ডলী ঃ**

ড. চক্রধর বিশ্বাস
ড. দুর্যোধন দাশ

**সংযোজনা ঃ**

শ্রীমতী বিজয়া কুমারী পাত্র
শ্রীমতী অঞ্জলী নাথ
ড. তিলোত্তমা সেনাপতি
ড. সবিতা সাহু

**প্রকাশক ঃ**

বিদ্যালয় ও গণশিক্ষা বিভাগ
ওড়িশা সরকার

**মুদ্রণ বর্ষ ঃ** ২০১৯

**প্রস্তুতি ঃ**

শিক্ষক শিক্ষা নির্দেশালয় এবং
রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ,
ওড়িশা, ভুবনেশ্বর

**মুদ্রণ ঃ**

পাঠ্যপুস্তক উৎপাদক ও বিক্রয়, ভুবনেশ্বর



জগজ্জননীর চরণে অদ্যাবধি আমি যে যে নৈবেদ্য দিয়েছি, সেগুলির মধ্যে মৌলিক শিক্ষা আমার সবচেয়ে বেশি ক্রান্তিকারী ও মহত্বপূর্ণ বলে মনে হচ্ছে। এর চেয়ে অধিক মহত্বপূর্ণ ও মূল্যবান নিদর্শন আমি যে জগতের সামনে রাখতে পারব, তা আমি বিশ্বাস করি না । এতে রয়েছে আমার সমগ্র সৃজনমূলক কার্যক্রমকে সুষ্ঠুরূপে প্রয়োগাত্মক করবার চাবিকাঠি। যে নূতন জগতের জন্য আমি ছট্‌ফট্ করছি তা এর থেকেই উদ্ভব হতে পারবে।এ আমার অন্তিম অভিলাষ বললেও চলে।

**মহাত্মা গান্ধী**



# আমাদের জাতীয় সংগীত

‘‘জনগণমন- অধিনায়ক জয় হে
ভারতভাগ্য বিধাতা
পঞ্জাব সিন্ধু গুজরাট মরাঠা
দ্রাবিড় উৎকল বঙ্গ
বিন্ধ্য হিমাচল যমুনা গঙ্গা
উচ্ছল জলধিতরঙ্গ
তব শুভ নামে জাগে,
তব শুভ আশিস মাগে,
গাহে তব জয় গাথা।
জনগণমঙ্গলদায়ক জয় হে,
ভারতভাগ্যবিধাতা
জয় হে, জয় হে, জয় হে,
জয় জয় জয়, জয় হে।’’



# ভারতের সংবিধান

## প্রস্তাবনা

আমরা ভারতবাসী ভারতকে এক সার্বভৌম, সমাজবাদী, ধর্মনিরপেক্ষ, গণতান্ত্রিক সাধারণতন্ত্র রূপে গঠন করার জন্য দৃঢ় সংকল্প নিয়ে ও ইহার নাগরিকদের

- সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক ন্যায় ;
- চিন্তা, অভিব্যক্তি, প্রত্যয়, ধর্মীয় বিশ্বাস এবং উপাসনার স্বতন্ত্রতা।
- স্থিতি ও সুবিধা সুযোগের সমানাধিকরণের সুরক্ষা প্রদান করা তথা ;
- ব্যক্তি মর্যাদা এবং রাষ্ট্রের ঐক্য ও সংহতি নিশ্চিত করে তাদের মধ্যে ভ্রাতৃভাব উৎসাহিত করার লক্ষ্যে

এই ১৯৪৯ সালের নভেম্বর ২৬ তারিখে আমাদের সংবিধান প্রণয়ন সভায় এতদ্বারা এই সংবিধান গ্রহণ ও প্রণয়ন করেছি এবং তা' রক্ষার্থে আমরা নিজেদের অর্পণ করছি।


# সূচীপত্র


| পাঠ | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ১. | চিত্র দেখে গল্প বল | ৯ |
| ২. | বল দেখি (পদ্য) | ১২ |
| ৩. | চল ঘর করবো | ২১ |
| ৪. | কই গো বেয়াই | ২৯ |
| ৫. | ক্রিকেট খেলা | ৩৫ |
| ৬. | হাতী মেনে নিল গিরগিটি কথা (পদ্য) | ৪৩ |
| ৭. | এসো বেড়াতে যাই ভট্টারিকা | ৫০ |
| ৮. | সুন্দর আমাদের ঘর (পদ্য) | ৫৮ |
| ৯. | রস্তা নূতন জায়গা দেখল | ৬৫ |
| ১০. | গ্রাম পরিক্রমা | ৭৮ |
| ১১. | একতাই বল (পদ্য) | ৮৮ |
| ১২. | আমাদের গ্রাম | ৯৫ |
| ১৩. | ব্যাঙ করে কটর কটর | ১১০ |
| ১৪. | গ্রীষ্ম, বর্ষা, শীত | ১২৩ |
| ১৫. | আমাদের অঞ্চলের ভূমিরূপ | ১৩৫ |
| ১৬. | আমাদের পাল পার্বণ | ১৪৫ |
| ১৭. | স্বাধীনতা দিবস | ১৫৯ |
| ১৮. | মা র মতো আমার আর কে হবে | ১৬৭ |
| ১৯. | চিত্র দেখো এবং বলো | ১৭৮ |

পাঠ-১


চিত্র -১


# ছবি দেখে গল্প বল



চিত্র -২

গ্রামের সকাল





চিত্র -৩

যানবাহনের নাম বলো



এগুলোতে চেপে তুমি কোথায় যেতে পারবে বলো

চিত্র -৪




চিত্র -৫





এতে ছ' টি তফাৎ আছে। আমি ———— টি বের করেছি।

চিত্র -৬ এতে হরিণ চিত্র আছে। একে দেখে চিত্র দুটি সম্পূর্ণ কর।



# অভ্যাস

১। পড় ও লেখো।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| পতাকা | | বালক | | বুড়ো | |
| কৃষক | | নারকেল | | কুয়ো | |
| ঘর | | পাহাড় | | | |

২। গ্রামে সকালের ছবি দেখে বল ।

ক) ছবিতে বুড়োমানুষটি কোথায় বসেছে?

খ) সূর্য কোথায় দেখা যাচ্ছে?

গ) শিশু দু'জন কোথায় যাচ্ছে?

ঘ) কৃষক কি করছে?

ছবি দেখে এ প্রকার প্রশ্ন নিয়ে বন্ধুদের সঙ্গে আলোচনা কর।

৩। ছবি দেখে লেখো।










৪. বলদ কি কি খেয়ে হাল টানে ?

যেমন – দানা, —— , ——, ——, ——

৫। ছবিতে রঙ দাও।



৬। ডাকতে পারে এমন পাখীদের নাম বল, যেমন কোকিল।

৭। নীচে দেওয়া ছবি দেখে এতে কি নাই তা অঙ্কন কর।



পাঠ-১

# শিক্ষক ও অভিভাবকের জন্য সূচনা

পিরিয়ড সংখ্যা -২৮

**কি শিখবে**

**ভাষা ঃ শ্রবণ, কথন, প্রশ্নের উত্তর দেওয়া, বোঝার দক্ষতা, পরিবেশ- গ্রামে সকালের ছবির মাধ্যমে সকাল ও পরিবেশ সহ গত বছরের পাঠের আলোচনা।**

চিত্র - ১ ঃ শিশুরা নিজ নিজ ছবি দেখে গল্প তৈরি করবে। সেগুলো ক্লাস ঘরে একজনের পরে আর একজনকে বলার জন্য শিক্ষক বলবেন।

চিত্র - ২ ঃ

- 'গাঁয়ের সকাল' মনোযোগ দিয়ে দেখবে।
- নিজ নিজ ভিতরে ছবি সম্পর্কে আলোচনা করবে।
- প্রত্যেক ছবি দেখার সঙ্গে পুরা ছবিকেও দেখবে।
- শিক্ষক চিত্র থেকে প্রশ্ন জিজ্ঞাসা করবেন এবং সে সম্পর্কিত প্রশ্ন নিজে তৈরি করবেন।
- শিশুরা নিজের অনুভূতি থেকে সকালের দৃশ্য সম্পর্কে বর্ণনা করবে।
- সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত কি কি করে তার বর্ণনা দেওয়ার সঙ্গে সঙ্গে অভিনয় করে দেখাবে।
- শিশুরা পশুপক্ষীকে ছবি থেকে চিনতে পারা ছাড়া ও অন্য যে সব পশুপক্ষী তারা চিনতে পারে, সে বিষয়ে শিক্ষক জিজ্ঞাসা করবেন।
- ঘরে ও বাইরে পরিষ্কার রাখার বিষয়ে আলোচনা করবে।
- চিত্রে শিশুরা পাঠ পড়তে যাচ্ছে। পাঠ পড়া সম্পর্কে আলোচনা করবে। এই প্রকার ছবি থেকে বিভিন্ন বিষয়ে আলোচনা হবে।

চিত্র - ৩-৪

চিত্র দেখবে কোন কোন যানবাহনে তারা বসেছে বলবে।

চিত্র - ৫

শিশুরা ব্যক্তিগত ভাবে ২ নম্বরে চিত্র দেখবে। শিক্ষক শিশুদের প্রশ্ন করে তাদের মধ্যে তফাৎ যাচাই করবেন।

চিত্র - ৬ হরিণ চিত্র নিজের বই এ অঙ্কন করবে। রঙ ও দিতে পারে।

## অভ্যাস কার্যঃ

- ছবি দেখে সব শিশুকে বলার জন্য বলতে হবে।
- অধিক শব্দ লেখা যেতে পারে।
- ছবি দেখে যত বেশি সম্ভব প্রশ্ন জিজ্ঞাসা করা যেতে পারে
- শিশুদের জানা অনেক পাখির নাম তাদের কাছ থেকে জানা যেতে পারে।
- বিভিন্ন চিত্র সংগ্রহ করার কাজ দেওয়া যেতে পারে।



পাঠ - ২

# বল দেখি



কিচির মিচির শব্দ করে
ঘরে ঘরে নীড় রচনা করে
বলতে কি পার তার নাম ?



ঘর জেগে থাকে দুয়ারে বসে
সে থাকলে ঘরে কেউ পারে না ঢুকতে
অজানা লোককে দেখলে পরে
তাড়িয়ে দেয় কে বল তো তারে ?

কা' কা' করে সে রবে
ঘুম থেকে যে আমাদের ডাকে
বল তো তার নাম ভেবে ?



অমৃত সমান দুধ তা'র
দুধের সর  অতি মধুর
দুধ দিয়ে সে পালে আমাদের
সে কে, বলবে কি তার নাম ?





সবুজ রঙের দেহটি তা'র
লাল ঠোঁট তা'র কি মনোহর
বলতে কি পার নাম তাহার ?




কুহু কুহু রবে বড় অনুরাগে
উড়ে বেড়ায় আমাদেরি আগে
কালো দেহ তবু সুর মধুর
বলতে কি পার নাম তাহার ?

# অভ্যাস

১। ছবি দেখে পাখিদের নাম বল।



২। ছবি দেখে কার মুখ লেখো।
















৩। দাগ টেনে ছবির সঙ্গে জোড়।


| | |
|---|---|
|  | ময়ূর |
|  | কাক |
|  | হংস |
|  | ভালুক |
|  | প্যাঁচা |
|  | বাঘ |
|  | পায়রা |

বল ও লেখো

(ক) কোন্ কোন্ পাখির রঙ কালো?

(খ) কোন্ কোন্ পাখির রঙ সাদা?

৫। কে, কত উপরে উড়তে পারে। তলায় চিহ্নিত জায়গাতে ' ✓ ' দাও।







| | | |
|---|---|---|
| বটগাছ | চালের ঘর | তালগাছ |
| বেড়া | পেয়ারা গাছ | খেজুর গাছ |
| বিদ্যুতের তার | সজনা গাছ | মেঘের কাছে |

৬। পাঠে 'ক' অক্ষর ব্যবহার করা শব্দের তলায় দাগ দাও ও শব্দটি লেখো।

যথা - কিচির,

______, ______, ______, ______, ______, ______

৭। কে কেমন ডাকে লেখো।

| | |
|---|---|
| কিচির মিচির | কা' কা' |
| কুহু কুহু | বক বকুম |

৮। তোমার কয়েকজন বন্ধুর নাম গোলের ভিতর লেখা আছে। তাদের নামের প্রথম অক্ষর যে পশুপক্ষীর নামে আছে, তার সঙ্গে দাগ টেনে জুড়ে দাও।




৯। তোমার চারপাশের পাখিগুলো দেখ। বই এ দেওয়া গানের মত তুমি পশুপক্ষীদের নিয়ে গান সংগ্রহ কর।

## ১০। ছবি দেখ ও বল —

এই ছবিতে কোকিল কে ? তার চারপাশের গোল চিহ্ন দাও।



## ১১। আমি কে বল ও লেখো।

ক) গলায় আমার লাল দাগ
লঙ্কা খেতে পাই স্বাদ

খ) কুলার মত কান আমার
পা মোটা মোটা
ঘরের মত শরীর আমার
চোখ দুইটি ছোট।

গ) "গর্তে আমি ঘর করি
মুখে আমার গোঁফ
ঘরে আমি এলে পরে
জিনিস করি নষ্ট।"

পাঠ- ২

## শিক্ষক ও অভিভাবকের জন্য সূচনা

**পিরিয়ড সংখ্যা -৩১**

**কি শিখবে -**

**ভাষা ঃ** ধাঁধা বুঝবে, আবৃত্তি করবে, সরল পদ্য উচ্চস্বরে পড়বে। পরিচিত শব্দ পড়া ও লেখার দক্ষতা বৃদ্ধি পাবে।

**পরিবেশ ঃ** বিভিন্ন পশুপক্ষী চেনার সঙ্গে পশুপক্ষীর স্বর /শব্দ বুঝবে।

- প্রথমে শিক্ষক ধাঁধাগুলো ক্রমানুসারে আবৃত্তি করবেন ও তাঁর সঙ্গে শিশুরাও আবৃত্তি করবে। তার পরে শিক্ষক এক একটা ধাঁধা আবৃত্তি করবেন ও শিশুরা এক সঙ্গে শুনবে।
- এক একজনকে উত্তর দেবার জন্য শিক্ষক শিশুদের বলবেন।
- শিক্ষক নিজের মন থেকে ধাঁধা তৈরি /সংগ্রহ করে জিজ্ঞাসা করতে পারবেন।
- শিশুদের মধ্যে দু'টো দল করে ধাঁধা গুলো নিজেদের মধ্যে বলাবলি করার জন্য বলবেন।
- এভাবে বিভিন্ন পশুপক্ষীদের চেনাবার ব্যবস্থা করবেন।
- শিশুদের ধাঁধা সংগ্রহ করতে বলবেন।


**অভ্যাস**

- শিশুদের ব্যক্তিগত ভাবে সূচনা অনুসারে অভ্যাস করতে শিক্ষক বলবেন ও সেগুলো সম্পর্কে আলোচনা করবেন।
- শিশুর অনুমান দক্ষতা বাড়ানোর ব্যবস্থা করা যেতে পারে।
- যত বেশি সম্ভব শিশুদের কাছ থেকে উত্তর আদায় করা যেতে পারে।
- শিশুদের ধাঁধা লেখার জন্য উৎসাহিত করতে হবে।
- এই ধরণের অনেক ছবিচেনার জন্য দেওয়া যেতে পারে।
- এই ধরণের অনেক গান শিশু ও শিক্ষকের দ্বারা রচনা করা যেতে পারে ও ক্লাসে প্রশ্নোত্তরের উপরেও গুরুত্ব দেওয়া যেতে পারে।

পাঠ - ৩

# চল, ঘর করব

বিপ্লব ও প্রহ্লাদ দুই বন্ধু। বিপ্লবের বাগানে দু'জনে বেড়াচ্ছিল। কিছু লোককে একটা বড় গাছের তলায় দাঁড়িয়ে থাকতে ওরা দেখলো। ওরা সেই গাছে থাকা পাখিদের খুব ভালবাসে।




বিপ্লব বললো, ''সেখানে এত ভীড় হয়েছে কেন ?'' প্রহ্লাদ বললো, চল, সেখানে গিয়ে দেখা যাক।'' দু'জনে সেখানে গেল। লুকিয়ে তাদের কথা শুনলো। কথা শুনে দুজনের ভয় হল।

আরে ,এরা তো আমাদের গাছটা কেটে দেবে। বর্ষার দিন আসছে। পাখিরা করবে কি ? ঘর ভেঙে যাবে। বেচারা পাখিরা থাকবে কোথায় ? শোবে কোথায় ? বাচ্চা পালন করবে কি করে ?



এ সব শুনে প্রহ্লাদ বলল, "আমি বনবিভাগের অফিস যাচ্ছি সেখানে খবর দেব। আমি আসা পর্যন্ত তুই এদের আটকে রাখবি। গাছ কাটতে দিবি না।" বিপ্লবের আক্কেল গুড়ুম হয়ে গেল। করবে কি? হঠাৎ তার বাঁদরের কথা মনে পড়ল।

বাঁদরের কাছে গিয়ে সব কথা বললো। দুজনে সেখানে গেল। লোকেরা গাছ কাটতে তৈরি হচ্ছিল। বাঁদর বিপ্লবকে নীচে দাঁড়াতে বললো। সে গাছের আড়াল থেকে তাদের উপরে পাথর ছুঁড়তে লাগল।



এদিকে প্রহ্লাদ বনবিভাগ অফিসে পৌঁছলো। সবকথা বললো, সকলে সঙ্গেঁ সঙ্গেঁ এলো। পাথরের আঘাতে যে কয়েকজন ঘায়েল হয়েছিল, বনবিভাগের লোকেদের দেখে তারা দৌড়ে পালাল। আর কয়েকজন ধরা পড়লো। প্রহ্লাদ, বিপ্লব ও বাঁদরের চেষ্টার ফলে গাছের কিছু ক্ষতি হল না।

## অভ্যাস

**১। গল্প থেকে বল ঃ**

ক) প্রহ্লাদ গাছ বাঁচানোর জন্য কি উপায় করলো ?

খ) বাঁদরের পাথর মারাতে পাহখিদের কি লাভ হলো ?

গ) বিপ্লব কেন বাঁদরের কাছে গিয়েছিল ?

**২। পড় ও লেখো ঃ**

মল্ল ______________

পল্লী ______________

দিল্লী ______________

শুক্ল ______________

ক্লান্ত ______________

অম্ল ______________


আহ্লাদ ______________

৩। ছবি দেখ ও ছবির নীচে নাম লেখ।





______________________ ______________________





______________________ ______________________

৪। দাগ টেনে শব্দ গঠন কর ও বাক্স ভিতরে শব্দগুলো লেখো।

যেমন- ক্লেশ, পল্লবী

ম শ স

ক্লে ক বী

উ ল্লা দ

প ল্ল

অ ল্লী

শ্লো হ্লা

গে ম্ল

প্র হ্লা

ক্লেশ,

পল্লবী

৫। ঠিক উচ্চারণ করে পড় ও লেখো।

প্রহ্লাদ আহ্লাদ দুই বন্ধু ____________________

বল্লীর সঙ্গে গাইল গান ____________________

উল্লাস সেখানে মিশল এসে ____________________

পল্লীবাসী দেখে হলো খুশি ____________________

৬। থাকার জন্য একটা ঘর না থাকলে কি কি অসুবিধা হবে? বন্ধুদের সঙ্গে আলোচনা করে লেখো।

____________________

____________________

____________________

৭। প্রহ্লাদ বনবিভাগে গিয়ে গাছ রক্ষা করলো। তুমি সেখানে থাকলে গাছটি কি ভাবে রক্ষা করতে লেখো।

____________________

____________________

____________________

৮। জোরে বর্ষা হলে নিজে নিজেকে রক্ষা করার জন্য কে কোথায় যাবে লেখো।

মানুষ ..................................................

কুকুর ..................................................

ময়ূর ..................................................

ঘর চড়াই ..................................................

সাপ ..................................................

ব্যাঙ ..................................................

৯। উড়ো চড়াই নিজের ঘর ঘাস ও কুটা দিয়ে তৈরি করে। তোমার ঘর কি দিয়ে তৈরি হয়েছে লেখ।

১০। তুমি কোথায় কোথায় পাখীর বাসা দেখেছ?

১১। 'ঘর' বললে যে সব কথা তোমার মনে আসছে লেখ।



যেমন - ঘর আমাদের গ্রীষ্ম, বর্ষা থেকে রক্ষা করে।

পাঠ - ৩

# শিক্ষক ও অভিভাবকের জন্য সূচনা

**পিরিয়ড সংখ্যা –৩৩**

**কি শিখবে -**

**ভাষা -** ☐ ল-ফলা ও ২য় ল-ফলা ভিতরে পার্থক্য চিনবে।

☐ জানাশোনা শব্দ শ্রুতি লিখনে লিখবে।

☐ ঠিক বানান সহ শব্দ ও বাক্য লিখন দক্ষতা বাড়াবে।

**পরিবেশ ঃ** বাসগৃহ যেএক মৌলিক আবশ্যকতা তা' বুঝবে।

প্রথমে শিক্ষক গল্পটি বলবেন। গল্প বলবার সময় যথা স্থানে ছবি দেখাবেন। অঙ্গঁভঙ্গী করে দেখাবেন। কণ্ঠস্বরের উত্থান পতন করে আর্কষক করবেন।

☐ ল-ফলা যুক্ত বাক্য ব্ল্যাক বোর্ডে লিখবে। তার পরে লাইনের তলায় আঙুল দিয়ে বারম্বার পড়বে। বাক্য পরে শব্দ, শব্দ পরে অক্ষর শিশুদের চেনাতে হবে।

☐ প্রত্যেক চিত্র সম্পর্কে আলোচনা করতে বলা হবে এবং তার সম্পর্কে প্রশ্ন করা হবে। শিক্ষক প্রশ্ন আলোচনা করার জন্য বলবেন।

☐ গাছ কাটবো না – এ বিষয়ে আলোচনা হবে। (পরিবেশ সংরক্ষণ)

☐ গাছ কিভাবে পশু পক্ষীদের বাসগৃহ, সে সম্পর্কে আলোচনা করবে।

☐ শিক্ষক নিজেও বাক্য গঠন করে ল- ফলা চিনিয়ে দেবেন।

**অভ্যাস কার্যঃ**

☐ গল্প থেকে অনেক প্রশ্ন করা যেতে পারবে।

☐ ল-ফলাযুক্ত অধিক শব্দ সংগ্রহ করতে পারে।

☐ বিভিন্ন ধরনের চিত্র সংগ্রহ করবে।

☐ বিভিন্ন বই থেকে কবিতা সংগ্রহ করে বানান শুদ্ধির জন্য বলবেন। পরিবেশ সম্পর্কে অধিক প্রশ্ন করতে পারবেন।

☐ নিজের মন থেকে শিশুকে লিখতে, বলতে দেওয়া হবে।


☐ নিজের ঘর সম্পর্কিত বাক্য যথা - ঘরে আমরা পড়াশুনা করি, আমরা একত্রে থাকি। এ সম্পর্কে শিক্ষার্থীর বলা সমস্ত বাক্য গ্রহণযোগ্য হবে।

☐ সমস্ত অভ্যাস কার্যের উত্তর শ্রেণী ঘরে আলোচনা করা হবে।

পাঠ - ৪

# কই গো বেয়াই

বেলা দ্বিপ্রহর। হনু বৈদ্য খাটে শুয়ে আছে। বেয়াই নেকড়ের কথা তার মনে পড়লো। বেয়াই-এর ঘর অনেক দিন যাওয়া হয়নি। ভাবল, বেয়াই-এর ঘরের দিকে একটু ঘুরে আসবে। বেয়াই-এর ঘর গেল। দরজায় ঠক্ ঠক্ করল। নেকড়ে আস্তে করে বললো 'হুঁ'। ঠক্ ঠক্ শব্দ শুনে দরজা খুললো।



হনু বৈদ্য তার মুখ দেখে জানতে চাইল, কি হয়েছে বেয়াই ? তোমার মুখ শুকনো দেখাচ্ছে কেন ? নেকড়ে বলল, "কিছুদিন হলো জ্বর হয়েছে। জ্বর হওয়ার কারণ জানতে চাইল হনু বৈদ্য।



নেকড়ে বাঘ বলল, "কি বলবো বেয়াই! বিড়াল দিদির মিষ্টির দোকান গিয়েছিলাম। সেখানে মিষ্টি, সিঙ্গাড়া ও চপ খেলাম। সেগুলো বাসি ছিল, খারাপ হয়ে গিয়েছিল। বিড়াল দিদির সোহাগ দেখে মানা করতে পারিনি। খেয়ে তো দিলাম, কিন্তু ঘরে ফিরে আসার পরে পেট খারাপ হয়ে পায়খানা শুরু হলো। তা' পরে তো জ্বর। এর পরেই পুরনো হাঁপানি রোগ আবার বেরিয়ে পড়ল। ভারি ক্লান্ত লাগছে।

হনু বৈদ্য সব শুনলো। ওষুধ দিল ! সান্তনা দিয়ে বললো, ভয় নাই, তোমার কিছু হবে না। হনুর  ওষুধে নেকড়ে বাঘের ভারি বিশ্বাস। হনুবৈদ্য বললো, বেয়াইমশাই কথাটা যেন ভুলে যেও না –

"খাবার দ্রব্য পচা ও বাসি
ভনভন করে মাছি থাকে বসে
খিদেয় পাছে জীবন ছাড়ুক
তেমন দ্রব্য কভু না খাবে।"

## অভ্যাস

১। **গল্প থেকে বল ঃ**

ক) হনু বৈদ্যের খাটে শুয়ে কার কথা মনে পড়লো ?

খ) নেকড়ে বাঘের কেন জ্বর হলো ?

গ) হনুবৈদ্য নেকড়েকে কি উপদেশ দিল ?

২। **পাঠ থেকে খুঁজে বের কর ও তার চারপাশে গোল বুলাও।**

জ্ব,  স্ব,  দ্বা,  শ্বা

৩। **শব্দ গঠন কর ও ঠিক উচ্চারণ করে পড়।**

যথা- বিশ্ব

অ —

ঈ — র

বি — স

৪। 'বিশ্ব' শব্দে যেমন 'শ' র তলায় (ব ' ব ফলা) লেগেছে তেমনি ব ফলা লাগিয়ে শব্দ লেখো।

________ ________ ________ ________

৫। ঠিক জায়গাতে 'ব' ফলা লাগিয়ে গানটি পড় ও লেখো।

দ্বারে দ্বারে ঘুরে ক্লান্ত হয়েছি।

নিঃশ্বাস বইছে জোর

মধুর সুরে কিরূপে গাইব

দেহে যে রয়েছে জ্বর।

৬। ক্রমানুসারে সাজিয়ে লেখো।

হাঁপানি রোগ ছিল। ________

পেট খারাপ হলো। ________

ওষুধ খেলো ________

দরজায় ঠক ঠক হলো ________

বেয়াই ঘরে গেল ________

৭। বিড়াল দিদির দোকানে কি কি জিনিস পাওয়া যেত?

________

________

৮। তোমার ঘরের পাশে কি সব দোকান আছে, তার তালিকা কর।

________ ________ ________ ________

কয়েকটি খাদ্যদ্রব্যের নাম লিখে সেগুলো কি করে খারাপ হয়ে যায় লেখো।

যেমন - ভাত বেশি দিন থাকলে বাসি হয়ে যায়।

পাঁউরুটি খোলা অবস্থায় থাকলে টক গন্ধ হয়।

১০। বাসি খাবার খেতে চাও না। সেজন্য তুমি কি করবে?

১১। বাজারে বিক্রি হয় এমন কি কি জিনিসে মাছি বসে, সে গুলোর নাম লেখো।

১২। পচা বাসি জিনিস খেলে কি কি রোগ হয়?

পাঠ - ৪

# শিক্ষক ও অভিভাবকের জন্য সূচনা

পিরিয়ড সংখ্যা। ৩০

**কি শিখবে -**

**ভাষা**

- ☐ 'ব' ফলা চিহ্ন। 'ব' ফলা শব্দ গঠন, লিখন, বাক্য দেখে লিখবে।
- ☐ শেখা ফলা ঠিক ভাবে লিখবে।
- ☐ ঠিক বানানের সঙ্গে পরিস্কার ভাবে শব্দ, বাক্য লিখবে।

**পরিবেশ ঃ**

- ☐ অপরিস্কার খাদ্যের জন্য অসুখ হওয়া বিষয়ে অবগত হবে।
- ☐ শিশুদের সঙ্গে শিক্ষক প্রথমে জ্বর, পায়খানা ইত্যাদি অসুখ বিষয়ে কিছু কথা বার্তা করবেন।
- ☐ শিশুদের অনুভূতি জানতে চাইবেন। তা' পরে গল্পটি বলবেন।
- ☐ 'ব'-ফলা শব্দ যুক্ত বাক্য ব্ল্যাকবোর্ডে লিখে আমাদের নিয়ম অনুযায়ী বাক্য থেকে শব্দ , শব্দ থেকে অক্ষর চিনিয়ে দেবে।
- ☐ শিক্ষক নিজের মন থেকে বাক্য লিখে 'ব'-ফলা চিনিয়ে দেবেন।
- ☐ চিত্র গুলো দেখতে বলবেন ও কি দেখেছে তা আলোচনা করবেন।
- ☐ বিভিন্ন পরিস্থিতির উপরে শিশুকে অভিনয় করতে বলবেন।
- ☐ লোকে শরীর খারাপ হলে কত প্রকার চিকিৎসা করে, অনুভূতির উপরে নির্ভর করে আলোচনা করাতে হবে।
- ☐ বাসি খাদ্যের অপকারিতা, মাছি বসা খাবারের অপকারিতা বিষয়ে আলোচনা হওয়া দরকার।


**অভ্যাস**

- ☐ প্রত্যেক শিশু অভ্যাস কার্যগুলি লিখবে। শ্রেণী কক্ষে শিক্ষক আলোচনা করবেন।
- ☐ প্রত্যেক প্রশ্ন সম্পর্কিত আরো বেশি প্রশ্ন সংগ্রহ করে শিশুদের দিতে পারবেন।
- ☐ প্রশ্ন ৮, ৯ এর মত আরো বেশি চিন্তা উদ্রেক কারী প্রশ্ন জিজ্ঞাসা করা দরকার।
- ☐ বাসি পচা জিনিস কেন খাওয়া হবে না সে বিষয়ে প্রয়োজনীয় আলোচনা আবশ্যক।


পাঠ - ৫

# ক্রিকেট খেলা

গরম দিন শেষ হয়ে আসছে। বর্ষা নেই, অসহ্য গরম। পর্বতের পাশের মাঠে শেয়াল ও খরগোশ বসেছিল। ক্রিকেট খেলা উপরে আলোচনা হচ্ছিল। শেয়াল বলল, খরগোশ ভাই আমরা কি একটু ক্রিকেট খেলতে পারি না। খরগোশ তার কথায় সায় দিল।



ঠিক হলো খেলার আগে একটা সভা হবে। গর্তের ভিতরে থাকা ইঁদুর ও সাপকে শেয়াল খবর দিল। পাথরের গুহা ভিতরে থাকা বাঘ ও ভাল্লুককেও ডাকা হলো। গাছের খোপে থাকা শকুন, প্যাঁচা, কাঠঠোকরা ইত্যাদি



পশুপাখিদের বাঁদর খবর দিল। জলে বাস করা জীব ব্যাঙ, কচ্ছপ, কুমির ও চিংড়িকে কাঁকড়া খবর দিল।

সভা হলো। খেলার দিন ঠিক হলো। শেয়াল একটা দলের ক্যাপটেন, অন্যদলের ক্যাপটেন খরগোশ। খাওয়ার জন্য বিস্কুট ও সর্বতের ব্যবস্থা হলো। ভালুক বলল, বিজয়ী দলকে কি পুরস্কার দেওয়া হবে? হাতী বলল, আয়না দেওয়া হবে। চড়াই সর্বত তৈরি করার কথা বললো। ভালুক বিস্কুট ও আয়না কেনার দায়িত্ব নিল। ইঁদুর ব্যাট তৈরি করল। তাকে কাঠঠোকরা চড়াই



সাহায্য করলো। শালিক বল নিয়ে এল। দু'টো দল জোরসোর খেলা অভ্যাস করলো। প্রতিদিন ব্যায়াম করল। খেলার দিন সকালে ভালুক স্কুটার নিয়ে বিস্কুট ও আয়না আনতে গেল। খরগোশের দল বোলিং করলো। শেয়ালের দল ব্যাটিং করলো। অন্যেরা খেলা দেখল। প্রথম বলে শেয়ালের একজন আউট হলো। খরগোশের দল ও






অন্যেরা খুশিতে হাততালি মারল। বাজনা বাজালো। আর একটা বলে শেয়ালদের দলের একজন ছক্কা মারল। বলটা গিয়ে গর্তে পড়লো। সাপ গর্তের ভিতর থেকে বলটা আনলো। খেলা প্রায় শেষ। ভালুকের দেখা নেই। চড়াই তাকে খুঁজতে বেরলো।

খরগোশের দল ছ' উইকেটে খেলা জিতলো খুশিতে গান গাইলো। বাজনা বাজালো তারপরে অন্য সকলে নিজের নিজের ঘরে ফিরেগেল।

## অভ্যাস

১। **পঠিত গল্প থেকে বল।**

ক) খেলার পূর্বে শেয়াল ও খরগোশ কেন সভা ডাকলো ?

খ) সভাতে কি সব কথা আলোচনা হলো ?

গ) ভাল্লুককে কি দায়িত্ব দেওয়া হলো ?

ঘ) কোন দল খেলায় জিতলো ?

২। **ঠিক ভাবে পড় ।**

পুরস্কার, বিস্কুট, তিরস্কার, আস্কা, স্কুটার, আয়না, পর্বত, পূর্ব, সর্বত, বর্ষা, বিদ্যালয়, পদ্য, খাদ্য, ব্যায়াম।

৩। **পড় ও লেখ।**

| | | |
|---|---|---|
| স্কেল ———— | সত্য ———— | বর্ষ ———— |
| স্কুল ———— | অভ্যাস ———— | সর্প ———— |
| নমস্কার ———— | গদ্য ———— | গর্ব ———— |
| পুরস্কার ———— | রাজ্য ———— | পর্ব ———— |

৪। **ঠিক জায়গাতে ( র্ ) রেফ্ (্য) ফলা ও 'স্ক' যুক্তাক্ষর লাগিয়ে শব্দ গঠন কর।**

স র, খব, বিসজন, কায, সৈন,

সত, নম র, গব।

৫। পড় এবং এই প্রকার নিজের মন থেকে দু' লাইন লেখো।

দেশসীমা জাগে সৈন্য
জীবনকে করে ধন্য।
গর্জন রবে বর্ষারাণী।
পর্বত পরে বর্ষে পানি
ভালকর্ম করিলে মিলে পুরস্কার
গুরুজনে সদা কর নমস্কার।

______________________________

______________________________

৬। শেয়াল সভাতে কাদের ডেকেছিল ?

______________________________

৭। কাঁকড়া কাদের সভাতে আসার জন্য খবর দিল ?

______________________________

৮। বিজয়ী দলকে তুমি কি প্রকার পুরস্কার দিতে ? বন্ধুর সঙ্গে আলোচনা করে লেখো।

______________________________


৯। সাপ কেন গর্তের ভিতর থেকে বল আনল ?

১০। ভালুক কেন ঠিক সময়ে পৌঁছাতে পারলো না ?

১১। চিত্র দেখে খালি জায়গাতে তার নাম লেখ।















## আমরা এ পর্যন্ত কি শিখলাম

‘ল’ ফলা ‘ল’ ফলা ‘ব’ ফলা ‘ব’

‘য়’ ফলা ্য, রেফ ‘র্’ ‘স্ক’

পাঠ - ৫

# শিক্ষক ও অভিভাবকের জন্য সূচনা

পিরিয়ড সংখ্যা ৩৫

**কি শিখবে -**

**ভাষা**

- (‘য়’ ফলা) ‘্য’ (রেফ) ‘র্’ স্ক - যুক্তাক্ষর চিনবে।
- ঠিক বানান সহ পরিস্কার ভাবে শব্দ ও বাক্য লিখবে।
- শ্রবণ, কথন , পঠন, ও দেখার বিষয়কে ভাল ভাবে বুঝতে পারবে।
- সহজ সরল অনুচ্ছেদ পড়বে।

**পরিবেশ**

- জীবজন্তুদের বাসস্থলী বিষয়ে জানবে।
- শিশুদের সঙ্গে শিক্ষক খেলা বিষয়ে আলোচনা করবেন।
- ক্রিকেট খেলা, খেলোয়াড়, যে দেশ খেলছে সে সব দেশ বিষয়ে আলোচনা করার পরে পশুপক্ষীদের দ্বারা ক্রিকেট খেলা কেমন হলো গল্পটি বলবেন।
- গল্প বলার সময় যুক্তাক্ষবের উপরে গুরুত্ব দেবেন। আবশ্যাক স্থলে বারস্বার উচ্চারণ করবে।
- যুক্তাক্ষর যুক্ত চিত্র, উপকরণ যথা বিস্কুট ঠোঙা সংগ্রহ করে শিশুদের উচ্চারণ স্পষ্ট করানোর দিকে ঝোঁক দিবেন। ক্রিকেট খেলার চিত্র থেকে ব্যাট, ক্যাপটেন, উচ্চারণ করা যেতে পারে।
- ব্লাকবোর্ডে শব্দগুলো লিখবে, পড়বে ও যুক্তাক্ষর গুলো চেনাবে।
- বই থেকে শব্দ, অক্ষর পরস্পরের মধ্যে জিজ্ঞাসাবাদের পরে চিনিয়ে দেওয়ার জন্য বলবেন।
- চিত্র গুলো বুঝিয়ে দেওয়ার পরে পশুপক্ষীদের নাম জিজ্ঞাসা করবেন।
- বাসগৃহ যুক্ত চিত্র দেখতে দেবেন। শিশুরা মনোযোগ দিয়ে দেখার পরে চিত্রে কি দেখছে আলোচনা করাবেন।
- বিভিন্ন পশু, পক্ষীদের বাসগৃহ সম্পর্কে অনুভূতি বিনিময় করবে।
- আলোচনার সময় পশুপক্ষীদের ঘরের আবশ্যকতা বিষয়ে আলোচনা হবে।


**অভ্যাস ঃ**


- ব্যাক্তিগতভাবে অভ্যাস কার্য সম্পন্ন হবার পরে শ্রেনী গৃহে আলোচনা করবেন।
- শিক্ষক আবশ্যক স্থলে বিভিন্ন চিত্র, জিনিস সংগ্রহ করে প্রশ্ন জিজ্ঞাসা করবেন।
- প্রশ্ন ৫ এর মত নিজের মন থেকে গান লিখতে উৎসাহিত করবেন।
- প্রশ্ন ৭,৯, ১০ এর মত সর্বাধিক প্রশ্ন তৈরি করে জিজ্ঞাসা করবেন।

পাঠ - ৬

# হাতী মেনে নিল গিরগিটি কথা

হাতী আসছিল শুঁড় নাড়িয়ে
ভেড়ার দল দেখে গেল পালিয়ে
নদীতে গিয়ে হাতী,
শুঁড়েতে তাহার পিচকারী মেরে
জলের খেলাতে গেল মেতে।





হাতীর খেলা দেখে গিরগিটি
বললো তাকে বিস্ফারিত নেত্রে
নোংরা করছো জল,
জীবনের তরে বিপদ তুমি
ডাকছো জেনে জেনে

শুঁড় উঠিয়ে মাথাটি দুলিয়ে
হাতীর প্রশ্ন , গিরগিটি ভাই
বল দেখি আমাকে
জীবনের জন্য আমি কি বিপদ
সত্যি এনেছি ডেকে ?



গিরগিটি বললো, হে হাতী ভাই
মাথায় কি তোমার বুদ্ধি নাই?
দূষিত হলে জল
জ্বর, পায়খানা, চুলকানি রোগে
লোকে হবে অস্ত ব্যস্ত

মাথাটি নাড়িয়ে বললো হাতী,
গিরগিটি ভাই তুই তো আমার সাথী
মানছি তোর কথা,
ছোট্ট শরীরেও বড় বড় কথায়
ভরে আছে তোর মাথা।

## অভ্যাস

১। গানটি মনে করে বল।

২। পাঠে ব্যবহৃত 'ড়', 'ও', অক্ষরের শব্দ চারপাশে গোল বুলাও ও সেই অক্ষর যুক্ত শব্দ ঠিকভাবে উচ্চারণ কর।

৩। গানে যে ছবি দেওয়া হয়েছে, সেখানে কে কি করছে লেখো।

হাতী ——— তে জল ছড়াচ্ছে।

জল দেখে ——— গেল পালিয়ে।

চোখ বড় বড় করে ——— হাতীর দিকে তাকিয়েছে।

ছেলেটির শরীরে ——— হয়েছে।

ছেলেটি নিজের শরীর ———।

৪। **পঠিত গান থেকে বল**


ক) হাতী কেমন করে আসছিল ?

খ) গিরগিটি হাতীকে কি উপদেশ দিল ?

গ) দূষিত জল থেকে কি কি রোগ হয় ?

ঘ) গিরগিটির উপদেশ শুনে হাতী কি বললো ?

৫। **তলার ছবি দেখে খালি ঘরে ঠিক অক্ষরটি লেখো।**


   

গির ——টি, কাঠ —— শা —— ভে ——


  

পু ——ল, ষাঁ ——, হাঁ ——।


৬। তলায় দেওয়া শব্দে হাতীর শুণ্ড 'ণ্ড' সঙ্গে গিরগিটির ল্যাজের 'জ'



| | | |
|---|---|---|
| মুণ্ড | খণ্ড খণ্ড | জল |
| খণ্ড | গণ্ডা | ফল |
| তাণ্ডব | গণ্ডি | পাণ্ডু |



৭। এসো, নীচে দেওয়া অক্ষর দেখবো। সেই অক্ষরকে 'ণ্ড' অক্ষরের সঙ্গে জুড়ে শব্দ তৈরি করে নীচের ঘরে লিখবো।




| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| অণ্ডা | | | | | | | |
| | | | | | | | |

তোমার তৈরি করা শব্দ দিয়ে একটি করে লাইন লেখো।

যেমনঃ অণ্ড - বল অণ্ড আকৃতির হয়।

৯। তুমি খাবার জন্য কোন জল ব্যবহার করবে, সেই জায়গাতে ঠিক্ চিহ্ন (✓) দাও। বন্ধুর সঙ্গে আলোচনা কর।

ক) ছাঁকা জল

খ) ফুটানো জল

গ) না - ছাঁকা জল।

১০। দূষিত জল ব্যবহার করলে কি কি  রোগ হয় দাগ টেনে জুড়ে দাও।

মাথা ঘোরা

পায়খানা

খোস পাঁচড়া

দূষিত জল
ব্যবহার করলে

টাইফয়েড জ্বর

বাতজ্বর

দাদ

১১। জল কি কি কারণে নোংরা হয় বল।

যেমন  হাতী পায়ে ঘেঁটে জল ঘোলা করল।

১২। হাতী ব্যতীত অন্য আর কারা জল দূষিত করে ?

______________________________

______________________________

১৩। তোমর ঘরের লোকে নদী ও কুঁয়োর দূষিত জল ব্যবহার করলে তুমি কি করবে বন্ধুদের সঙ্গে আলোচনা কর।

পাঠ - ৬

# শিক্ষক ও অভিভাবকের জন্য সূচনা

**পিরিয়ড সংখ্যা - ৩০**

**কি শিখবে -**

**ভাষা গু, ন্ত যুক্তাক্ষর শিখবে।**

- ঠিক বানান সহ পরিস্কার ভাবে শব্দ ও বাক্য লিখবে।
- শ্রবণ, কথন, পঠন ও লিখন বিষয় বুঝতে পারবে।
- সরল পদ্য উচ্চৈঃস্বরে আবৃত্তি করবে।
- শব্দ ও বাক্য দেখে লিখবে।
- জানাশোনা শব্দ শিক্ষক ডাকবার সময় শুনে লিখবে।
- পাঠ্য বিষয়ের চিত্র দেখবে। চিত্রে কি দেখছে জিজ্ঞাসা করবেন।
- যুক্তাক্ষর গুলি স্পষ্ট করে উচ্চারণ করবে।
- গানটি পড়বে। শিশুদের দিয়ে গানটি আবৃত্তি করাবেন।
- গানের পদ, শব্দ, অক্ষর চিনিয়ে দেবে।
- চিত্র থেকে শব্দ চেনানোর জন্য বলবেন।
- গান থেকে শব্দ ও অক্ষরগুলি বেছে নেবার জন্য বলবেন।

**পরিবেশ - অপরিস্কার জল থেকে রোগ হয় বলে জানবে।**

- গিরগিটি বললো হে হাতী ভাই ....... হবে শশব্যস্ত এবং শিশুটির খোস চুলকানো চিত্র থেকে অপরিস্কার জল সম্পর্কে বুঝিয়ে দিয়ে আলোচনা করবেন।
- অপরিস্কার জল ও পরিস্কার জলের মধ্যে পার্থক্য বুঝিয়ে দেবেন।
- অপরিস্কার জলে বাসনকুসন ধোয়া, কাপড় ধোয়া, স্নান করার কাজ করলে কি অসুবিধা হবে দলের মধ্যে আলোচনা করাবেন ও নিজে আলোচনা করবেন।

**অভ্যাস**

- প্রত্যেককে পৃথক ভাবে অভ্যাস কার্যগুলি শ্রেনী প্রকোষ্ঠে আলোচনা করতে বলবেন।
- সূচনা অনুসারে অভ্যাস কার্য করবে।
- আবশ্যকস্থলে শিক্ষক অধিক প্রশ্ন তৈরি করে শিশুদের দিয়ে অভ্যাস কার্য করাবেন।

পাঠ - ৭

# এসো বেড়াতে যাই ভট্টারিকা

দুষ্মন্ত বাবুর ঘর আঠগড়। পাশেই্ ভট্টারিকা। ঠাকুরাণীর পূজা হয়। তাই ভট্টারিকা বেড়ানোর জন্য মনস্থ্ করলো।





দুষ্মন্ত বাবু নাতি নাতনীদের নিয়ে বেরিয়ে পড়লেন। জিনিসপত্র সাজিয়ে নিলেন। ঠাকুরদার বইপত্র নিতে তারা ভোলেনি।

দেওয়াল ঘড়িতে চারটা বাজলো। ঠিক সময়ে গাড়ি এসে অট্টালিকার সামনে এসে দাঁড়ালো। সবাই গাড়িতে বসলো। ছোট ছেলেরা ঠাকুরদার পাশে বসার জন্য জিদ ধরলো। চেঁচামেচি না করে শান্ত ভাবে বসতে বললেন ঠাকুরদা । গাড়ি মন্থর গতিতে গ্রামের রাস্তা দিয়েএগিয়ে চললো।

ঠাকুরদা শিশুদের জিজ্ঞাসা করলেন, ''আরে, তোমরা সবাই কি খাবে? নাতনি বললো, ''দাদু, বাইরের জিনিস খাবো না ফল এনেছি'' ঠাকুরদা বললেন , ভাল ভাল ফল খাও। শরীর ভাল থাকবে। বাইরের জিনিস খেলে শরীর খারাপ হবে''। ঠাকুরদা আবার বললেন, যদি দরকার

হয় বাইরের টাটকা টাটকা খাবার খাবে। কিন্তু বেশী খাবে না। খেলে পায়খানা, বমি , পেটের গোলমাল হতে পারে।

শিশুরা জানতে চাইল, তবে না খেলে কি হবে। ঠাকুরদা চটাপট বললেন, খিদে পাবে, ক্লান্তি লাগবে, ঘোরাঘুরি করতে ইচ্ছা হবে না। কাজ করতে ভাল লাগবে না। দুর্বল লাগবে। তারপরে শিশুরা ঠাকুরদাকে গল্প বলার জন্য কাকুতি মিনতি করলো। ঠাকুরদা বললেন, ঘরে বলবো এখন অন্তাক্ষর দিয়ে পদ্য বল। বাচ্ছারা তাই করল নিজ নিজ ভিততে ঠাট্টাতামাসা করলো। অন্তাক্ষর খেলা ও ঠাট্টা তামাসা করতে করতে মধ্যে গাড়ি ভট্টারিকা এসে পৌঁছলো।

## অভ্যাস

১। গল্প থেকে বল।

ক) আঠগড়ের কাছে কোন মন্দির আছে?

খ) গাড়িটি কেন গ্রামের রাস্তা দিয়ে মন্থর গতিতে যায়?

গ) ঠাকুরদার পাশে বসার জন্য শিশুরা জিদ্ করলো কেন?

ঘ) গাড়ি থেকে নেমে শিশুরা কি কি করতে পারে ?

২ পাঠটি পড়। 'ট্ট', 'ন্ত', 'ন্থ', যুক্ত শব্দ গুলি ঠিক উচ্চারণ করে পড় ও লেখো।

ট্ট ______ ______ ______

ন্ত ______ ______ ______


ন্থ ______ ______ ______

৩। নীচে দেওয়া অক্ষরগুলির সঙ্গে 'ন্থ' যুক্তাক্ষর লাগিয়ে পড় ও নূতন শব্দটি লেখো।

কা পা সু ম

৪। বাইরের অক্ষরের সঙ্গে নল ভিতরের 'ন্ত' অক্ষর মিশিয়ে শব্দ তৈরি কর। নল ভিতরে তা' লেখো।

যেমন




৫। তলার শব্দগুলি সাজিয়ে লেখো।

কালিতঅট্টা ______ হাট্ট অস্য ______

জুরট্টাভয়া ______ পশিট্টয্য ______

ট্টারিকাভ ______

৬। খালি ঘরে 'ন্ত' লাগিয়ে ঠিক ভাবে পড়।

বস______ হেম ______ সুম ______ অন ______

অত্য______ নিতা ______ অভ্য ______র জীব______

৭। নীচে দেওয়া শব্দগুলি পড়। যে চিত্রের নাম যা সেই ছবির তলায় সেই নাম লেখো।

(গুচ্ছ, অট্টালিকা, মন্থ, যাঁতা,
দেওয়াল, দন্ত, গ্রন্থ, তাঁত, বৃন্ত।)











একটি বাক্যে লেখো।

ক) দুষ্মন্ত বাবু কোথায় বেড়াতে যাওয়ার মনস্থ করেছিলেন।

খ) অট্টালিকার সামনে গাড়ি কখন পৌঁছলো ?

গ) গ্রামের রাস্তা দিয়ে গাড়িটি কিভাবে যাচ্ছিল ?

৯। তুমি প্রতিদিন কি কি খাবার খাও লেখো।

১০। না খেলে কি হয় বন্ধুদের সঙ্গে আলোচনা করে লেখো।

১১। তুমি যে কাঁচা ও পাকা ফল খাও তার নাম লেখো।

১২। প্রথম দুই লাইন পড়ে খালিস্থান পূরণ কর।

| যেমনঃ | গরম | গরম | ভাত |
|---|---|---|---|
| | গরম | গরম | বড়া |

১৩। গৃহ পালিত পশু, পক্ষীরা কি খায় ঘর থেকে বুঝে এসে বন্ধুদের সঙ্গে আলোচনা কর।



পাঠ - ৭

## শিক্ষক ও অভিভাবকের জন্য সূচনা –

**কি শিখবে -** **পিরিয়ড সংখ্যা - ৩৫**

ভাষাঃ
- **'ট্র', 'গু', 'স্থ' যুক্তাক্ষর চিনতে শিখবে।**
- ঠিক বানান সমেত পরিষ্কার ভাবে শব্দ ও বাক্য লিখবে।
- শ্রবণ, কথন, পঠন ও লিখন বিষয় ভালভাবে বুঝতে হবে।

**পরিবেশঃ**
- স্বাস্থ্যের জন্য খাদ্যের আবশ্যকতা বুঝবে।
- শিক্ষক গল্পটি বলবেন। যুক্তাক্ষর গুলি গুরুত্ব দিয়ে উচ্চারণ করবে। যুক্তাক্ষর চিহ্নিত শব্দ গুলির চিত্র সংগ্রহ করবে। অট্টালিকা সমেত সাধারণ ঘরের চিত্র দেখিয়ে অট্টালিকা অর্থ বুঝিয়ে দেবে। ভট্টারিকা ঠাকুরাণী বিষয়ে বলবেন। দন্ত, তেঁতুল, গ্রন্থ চিত্র থেকে স্পষ্ট ভাবে উচ্চারণ করাবেন।
- চিত্র সমেত শব্দ থেকে অক্ষর চিনিয়ে দেবেন।
- বাইরের কি জিনিস খাওয়ার জন্য পাওয়া যায়, সে বিষয়ে আলোচনা করবেন।
- ঘরের তৈরি জিনিস ও বাইরের জিনিসের মধ্যে কোনটা খাওয়া উচিত, আলোচনা করবেন।
- কখন খাদ্য বাসি হয়, টাটকা খাদ্য কি, কি পরিমান খাওয়ার কথা আলোচনা করবেন।
- যে খায়নি ও যে বেশি খায় তার কি অসুবিধা হয় সে বিষয়ে আলোচনা করবেন।
- যে পদ্যের শেষে যুক্তাক্ষর আছে এরূপ পদ্য বলতে বলবেন।

অভ্যাসঃ
- ব্যক্তিগত ভাবে অভ্যাস কার্য করবে ও শ্রেনীগৃহে তা' আলোচনা হবে।
- গল্প থেকে অধিক প্রশ্ন তৈরি করবেন।
- প্রদত্ত সূচনা অনুসারে শিশুরা উত্তর দেবে ও শিক্ষক আবশ্যক স্থলে সাহায্য করবেন।

পাঠ - ৮

# সুন্দর আমাদের ঘর



আমরা যে ঘরে থাকি সে ভারি সুন্দর

ধুলো কালি না থাকে বড় পরিষ্কার স্বচ্ছ

গুচ্ছ গুচ্ছ জবা ফুলে হাসে আমাদের বাগান

নির্মল পরিবেশ পাই নিত্য নূতন প্রাণ

ঘরটি আমাদের আছে নদীর ধারে
অপরাজিতার লতা বেড়া জড়ায়ে ধরে।
পড়াপড়ি শেষ করে ভাই বন্ধু মিলে
আনন্দে খেলা খেলি নিত্য সন্ধ্যা কালে।
সুন্দর ঘরটি আমরা করিনা তো নোংরা
আনন্দে থাকি সদা হইনাকো মনমরা।

## অভ্যাস

১। গানটি আবৃত্তি কর।

২। ছবি গুলির নাম খালি স্থানে লেখো।



৩। ক) প্রথম শিশু 'ন্ধ' যুক্ত শব্দকে গুলি করবে।

দ্বিতীয় শিশু 'ন্দ' যুক্ত শব্দকে আঁকশিতে টানবে।



| | | | | |
|---|---|---|---|---|
| চৌ | ম | ন্দা | কি | র |
| ঔ | ন্দ | ন্দি | কো | ধ |
| ব | ন্ধ | ন্ধা | বা | বি |
| অ | ঘ | ন্ধু | য | ক |

উপর থেকে অক্ষর নিয়ে শব্দ তৈরি কর।

যেমন ঃ চৌকি, বন্ধু......

৪। তলার প্রত্যেক শব্দ ব্যবহার করে একটি করে বাক্য লেখো।

চান্দুয়া ________________

সুন্দর ________________

অন্ধকার ________________

নদীবন্ধ ________________

৫। ঠিক উচ্চারণ করে পড় ও লেখো।

মন্দির ________ স্বর্ণ ________ অন্ধকার ________

চাঁদ ________ পূর্ণিমা ________ বন্ধু ________

সিঁদূর ______________ বর্ণনা ______________ বন্ধ ______________

চন্দন ______________ কলাকান্দি ______________ ______________

৬। ধাঁধাটি পড় ও বল।

মোর মুখ দেখিলে তোর মুখ দেখি

গাঁ শহরে সর্বত্র পাই

মোর ভিতরে করি আমি বন্দী

জগতকে পারি বাঁধতে।

৭। দু'টি ছবিতে কি কি আলাদা দেখছ, তোমার বন্ধুর সঙ্গে আলোচনা কর ও লেখো।





৮। তোমার ঘর ও বিদ্যালয় কখন পরিষ্কার করা হয় বল ও লেখো।

______________________ ______________________

৯। নীচে কয়েকটি কথা বলা হয়েছে তার মধ্যে তোমার কোনটি পছন্দ তা পাশে ✓ চিহ্ন দাও।

ক) ঘরের চারপাশের আবর্জনা পরিষ্কার করব। ☐

খ) আবর্জনা গুলি ঘরের পাশে জমা করব। ☐

গ) ঘর থেকে দুরে আবর্জনা গুলি পুঁতে দেব। ☐

ঘ) সব আবর্জনা রাস্তায় ছুঁড়ে দেব। ☐

১০। কি করলে নোংরা হয় ?







১১। ঘর ও ঘরের চারপাশে নোংরা হলে তোমার কি ক্ষতি হবে ?

১২। তুমি কলা খাওয়ার পরে খোসা কোথায় ফেলবে ?





পাঠ - ৮

# শিক্ষক ও অভিভাবকের জন্য সূচনা

পিরিয়ড সংখ্যা - ৩২

## কি শিখবে

ভাষাঃ
- ন্দ, ন্ধ ও র্ণ যুক্তাক্ষর চিনতে শিখবে।
- শব্দ উচ্চারণ করবে।
- সমষ্টিগত ও ব্যক্তিগত ভাবে আবৃত্তি করবে।
- সজাসুজি ভাবে সহজ প্রশ্নের উত্তর দেবে।
- ছোট ছোট প্রশ্ন জিজ্ঞাসা করবে।
- ঠিক বানান সমেত পরিস্কার ভাবে শব্দ ও বাক্য লিখবে।
- সহজ পদ্য উচ্চঃস্বরে পড়বে।

## পরিবেশ

- গৃহ তথা চারপাশে পরিস্কার পরিচ্ছন্ন রাখবার আবশ্যকতা বুঝবে।
- চিত্রটি মনোযোগ দিয়ে দেখতে বলবেন। কি দেখছে ও চিত্র দেখে কি জানতে পারছে সে বিষয়ে আলোচনা করতে বলবেন ও নিজেও আলোচনা করবেন।
- গানটি আবৃত্তি করবেন ও শিশুদের দিয়ে আবৃত্তি করাবেন।
- ন্দ, ন্ধ, ও র্ণ যুক্ত পদ ব্ল্যাকবোর্ডে লিখে শব্দ থেকে অক্ষর চেনার অভ্যাস করাবেন।
- পরিস্কার ঘর, অপরিস্কার ঘর কেমন থাকে প্রশ্ন মাধ্যমে তা আলোচনা করা হবে।
- ঘর কেন পরিস্কার রাখতে হবে আলোচনা করবেন।
- ঘর ও বাহির কেন পরিস্কার রাখা দরকার তার আলোচনা হবে।
- শব্দগুলির বানান অভ্যাস করা আবশ্যক।
- শিশুদের দিয়ে ছোট ছোট প্রশ্ন তৈরি করার সুযোগ সৃষ্টি করবেন।

## অভ্যাস

- গানটি আবৃত্তি করাবেন।
- ব্যাক্তিগত ভাবে অভ্যাস করবে ও শ্রেনীতে তার আলোচনা হবে।
- প্রশ্ন ৬ এর মতো শিক্ষক নিজে ধাঁধা রচনা করবেন।
- আবশ্যক স্থলে শিশুদের অধিক প্রশ্নের সুযোগ দেবেন।

পাঠ - ৯

# রম্ভা নতুন জায়গা দেখলো



মেয়েটির নাম রম্ভা। আম্বপালী গ্রামে মাসী অসুস্থ ছিল। রম্ভা মায়ের সঙ্গে মাসীকে দেখতে গেল।

রম্ভা ঃ মা, এটা কোন্ বিদ্যালয় ?


মাঃ এর নাম আম্বপালী সরকারী প্রাথমিক বিদ্যালয়। এখানে আমি পড়তাম।

রম্ভা ঃ মা' এই বাগানে কি কি গাছ আছে?

মা ঃ রম্ভা, এটা গম্ভীরা গাছ। এই দেখ, ওদিকে চম্পার কাছে আম , কাঁঠাল ও জবার গাছ আছে।

রম্ভা ঃ এতোবড় বাগানে জল কোথা থেকে আনে ?

মা ঃ দেখছিস না কত বড় কুয়ো। বড় বড় কুয়োকে ইঁদারা বলে। পাম্প দ্বারা জল উঠিয়ে বাগানে দেওয়া হয়।



রম্ভাঃ আমি কি এখানে খেলবো ?

মাঃ হ্যাঁ, যা না ওই ঘষড়াতে গড়াবি যা।

রম্ভাঃ মা এই বিদ্যালয়ে কি হয় ?

মাঃ এখানে পড়াশুনা হয়। এখানে পঠনপাঠনের ফলে শিশুরা অনেক কিছু শেখে। সরকারি বিদ্যালয়ে সব শিক্ষার্থীদের বিনা পয়সায় বই ও খাদ্য দেওয়া হয়। ধনী গরিব সকলে পড়ার সুযোগ পায়।

রম্ভাঃ মা, এটা কিসের ঘর ?

মাঃ এটা কুম্ভারপুর গ্রাম পঞ্চায়েত অফিস।

রম্ভাঃ এই অফিসে কি কাজ হয় ?



মাঃ গ্রামপঞ্চায়েত গ্রামসড়ক তৈরি ও মেরামতি করে। গ্রাম পঞ্চায়েত পুকুর খোঁড়ে।



রম্ভাঃ মা, এখানে কি হচ্ছে?

মাঃ জানিস তো, এখানে সভা হচ্ছে। গ্রামপঞ্চায়েতের



মুখ্য হোল গ্রামপ্রধান। গ্রামপঞ্চায়েত গাঁয়ের ভালমন্দ বুঝে। গাঁ এবং গাঁয়ের ঝগড়াঝাটি সমাধান করে।

রম্ভাঃ গ্রাম পঞ্চায়েত কিভাবে গঠিত হয়?

মাঃ একটি বড় গ্রাম বা কয়েকটি ছোট ছোট গ্রাম নিয়ে গ্রাম পঞ্চায়েত গড়া হয়।




রম্ভাঃ  এ লোকটিকে কোথায় নিয়ে যাচ্ছে মা ?

মাঃ  ডাক্তারখানা নিয়ে যাচ্ছে। এখানে ডাক্তার নার্স, কম্পাউন্ডার ও অন্য অনেকে কাজ করে।

এখানে বিনাপসায় রোগী পরীক্ষা করা হয়। ওষুধ দেওয়া হয়। তোর মাসীও এখন এখানে আছে।



রম্ভাঃ মা' এই ফলগুলো কোথায় রাখবো?

মাঃ ফলগুলো টুলের উপরে সাজিয়ে রেখে দে।



## অভ্যাস

১। পাঠের 'ম্প' অক্ষর যুক্ত শব্দের চারিপার্শ্বে ◯ ঘোরাও ও 'ম্ফ' অক্ষর যুক্ত শব্দ △ ভিতরে রাখ।

২। ঠিক বানান করে পড়।

| | | |
|---|---|---|
| চম্পা | কম্পাস | গুম্ফ |
| চম্পক | সিম্পাঞ্জি | গুম্ফা |

৩। পড় ও লেখো

| | | |
|---|---|---|
| সম্পদ | লম্পট | লম্ফ |
| কম্পন | বাম্ফ | বাম্ফী |

৪। নীচের লেখাটি পড়। 'ম্ব' থাকা শব্দের তলায় দাগ দাও ও 'ম্ভ' যুক্ত শব্দ উপরে দাগ দাও।

"সম্বলপুর জেলাতে আম্বঝর গাঁ। সেখানে বানাম্বর কুমার থাকে। তা'র বয়স প্রায় চব্বিশ কি পচিঁশ। দেখতে লম্বা, ফর্সা, চওড়াবুক, লম্বা লম্বা হাত। তাকে বেশ বলিষ্ঠ দেখা যায়। বিপদ আপদ এলে ভয করে না। সে বলে, অসম্ভব বলে কিছু নাই। আমরা চাইলে সবকিছু সম্ভব হতে পারে।

৫। ঠিক বানান করে পড়।

| | | | |
|---|---|---|---|
| খম্ব | কম্বল | দম্ভ | সম্ভব |
| ডিম্ব | কদম্ব | স্তম্ভ | আড়ম্বর |
| লম্ব | তাম্বু | কুম্ভীর | গম্ভীর |

৬। পড় ও লেখ।

| | | | |
|---|---|---|---|
| একনম্বর | শাম্বক | অসম্ভব | কদম্ববন |
| সূচীচুম্বক | মুম্বাই নগরী | কুম্ভকলস | নীলঅম্বর |

৭। এসো গান করি।

"আমের মুকুল ফুটে ফাগুন মাসে,
দিক্ উচ্ছল তার সুবাসে"

৮। নীচের শব্দগুলি পড় ও তোমার বন্ধুকে লিখতে বল

কম্পাস, গুম্ফা, লম্পট, সম্পদ, অসম্ভব

গম্ভীর, চুম্বক, কম্বল, কদম্ব, সম্বাদ

৯ পড়, লেখো ও মনেরেখো।

গুম্ফাটি অতি সুনির্মল, ইঁদারার জল সুশীতল।

সম্পদ কালে সর্বে সখা, বিপদে না দেয় দেখা।

কুমির বড় ভয়ংকর, নাশ করে কত নারী নর


১০ 'ম্ভ' যুক্ত শব্দ গুলির পাশে থাকা বিন্দুগুলি জুড়ে কি চিত্র পাচ্ছ দেন।



১১। চিত্র দেখে পুরোনাম লেখো।

নি——ডাল, কদ——ফুল, চু——ক, সি——ঞ্জি

ক——স, চা——ফুল, কু—— , ক——ল

১২। ক) স্প, 'স্পা', 'স্পি' অক্ষর থেকে ঠিক অক্ষর বেছে খালি জায়গা পূর্ণ কর।

ক——, পা——ড়, ঝা——

ত——, অলি——ক, সি——ঞ্জি

চ——, ক——স, আ——য়ার

খ) স্ব, স্বা, স্বি, স্বু, স্ত, থেকে অক্ষর লাগিয়ে শব্দটি লেখো।

বিল——, তা——ল হা——রব

ক——ল, ত——রা, স——দ

দ——, গ——জ, আ——ল

সম্পর্ক থাকা স্থানের সঙ্গে জোড়,

এখানে রোগীদের পরীক্ষা করে ওষুধ দেওয়া হয়। ডাক্তার, নার্স ধাই, কম্পাউন্ডার এখানে কাজ করে।



এরা গ্রাম গুলির ভালমন্দ বুঝাবুঝি করে। রাস্তাঘাট মেরামতি, পরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখা, পুকুর খোঁড়া ইত্যাদি কাজ করে।



শিশুরা এখানে পড়াশুনা করে। শিক্ষক শিক্ষায়িত্রীরা পড়ান। শিশুরা পড়াশুনা করে মহৎ মানুষ হয়।



১৪। অক্ষরগুলি সাজিয়ে শব্দ লেখো।

যেমনঃ ভ্রীকুর - কুম্ভীর

বসন্ত ———, স্বচুক ———

লটস্প ———, রকুম্ভা ———

সকম্পা ———, রসম্ভা ———

কলম্ব ———

নরম্ব ———

১৫। এসো আমরা আলোচনা করি ও লিখি।

ক) তোমার ঘর কোন গ্রাম পঞ্চায়েতের অধীনে আছে?

_______________________________________________

খ) তোমার গ্রামপঞ্চায়েতের প্রধানের নাম কি?

_______________________________________________

গ) গ্রাম পঞ্চায়েত কি কি কাজ করে?

_______________________________________________

ঘ) তুমি যে বিদ্যালয়ে পড় তার নাম কি?

_______________________________________________

ঙ) তোমার বিদ্যালয়ে পাঠপড়া শুরুর আগে যে সব কাজ করা হয় তার মধ্যে দুটি কাজের নাম লেখো?

_______________________________________________

## ১৬। কোন্‌টি ঠিক বাছ।

ক) রোগ হলে কার কাছে যাবে - ডাক্তার, গুণিন্, বৈদ্য।

## ১৭। আলোচনা করে লেখো।

ক) তোমার অঞ্চলে ডাক্তারখানা না থাকলে কি অসুবিধা হবে?

________________________________

________________________________

________________________________

খ) তোমার গ্রামে বিদ্যালয় না থাকলে তোমার কি অসুবিধা হোত?

________________________________

________________________________

________________________________

গ) তোমার গাঁয়ের লোকের শরীর খারাপ হলে তারা কোথায় যায় লেখো।

________________________________

________________________________

ঘ) তোমার শ্রেণীকক্ষে কি কি আছে লেখো।

________________________________

________________________________

১৮। আমার কাছে এসো। রাস্তায় দেখতে পাওয়া শব্দগুলি লেখো।



পাঠ - ৯

# শিক্ষক ও অভিভাবকের জন্য সূচনা

**পিরিয়ড সংখ্যা - ৫৪**

**কি শিখবে -**

**ভাষা ঃ**

- স্প, স্ফ, স্ব ও স্ত যুক্তাক্ষর চিনবে।
- শব্দ স্পষ্ট উচ্চারণ করবে।
- ঠিক বানান সহ পরিষ্কার ভাবে শব্দ ও বাক্য লিখবে।
- শেখার পরে যুক্তাক্ষর গুলি শ্রুতিলিখন লিখবে।
- শ্রবণ, কথন, পঠন ও লিখন বিষয় ভালভাবে বুঝবে।

**পরিবেশ ঃ**

- আমাদের অঞ্চলের গুরুত্বপূর্ণ স্থান, বিদ্যালয়, পঞ্চায়েত স্বাস্থ্যকেন্দ্র বিষয়ে প্রথমে শিক্ষক নিজে পাঠ্যটি আদ্যোপান্ত পড়বেন। পাঠের অর্ন্তগত ছবিগুলি ও ছবির নীচের লেখাগুলি বুঝতে চেষ্টা করবেন। পাঠটি তিনটি ভাগে বিভক্ত হয়েছে। অক্ষরগুলি যে বিভাগ থেকে সেখানোর কথা সেগুলি বেছে রাখুন।
- পরস্পরের মধ্যে কথাবার্তা করার সুযোগ দিন।
- বিদ্যালয় বিষয়ে শিশুদের সঙ্গে কিছু আলোচনা করুন।
- যে যুক্তাক্ষর চেনাতে চান তার উপরে গুরুত্ব দিন ও উচ্চারণ করার সুযোগ দিন। সেজন্য প্রশ্ন জিজ্ঞাসা করতে পারনে। শব্দগুলি ব্ল্যাকবোর্ডে লিখে যুক্তাক্ষর চিনিয়ে দিন।
- বিভিন্ন প্রকার গাছ লাগানো ও চেনানোর কাজও করবেন।
- বিদ্যালয় পরে ক্রমান্বয়ে পঞ্চায়েত ও স্বাস্থ্যকেন্দ্র বিষয়ে পড়তে দেবেন ও আলোচনা করবেন।
- আলোচনার পরে যুক্তাক্ষর চিনিয়ে দেবেন।
- শিশুদের অনুভূতি থেকে যত বেশি কথা সংগ্রহ করা যায় তা করবেন।

**অভ্যাস ঃ**

- অভ্যাস কার্যের জন্য নির্দেশ দেওয়া হয়েছে। সে অনুসারে অভ্যাস করতে বলুন।
- প্রশ্ন ৭, ৯এর গানগুলি আবৃত্তি করতে বলুন ও শিশুদের এইপ্রকার গান সংগ্রহ করতে উৎসাহিত করুন। ১০ নম্বর চিত্রটি কার , জিজ্ঞাসা করুন।
- প্রশ্ন ১৫,১৭ আলোচনা করতে বলুন এবং ব্যক্তিগত ভাবে লিখতে বলুন।
- অভ্যাস প্রশ্নের উত্তর জিজ্ঞাসা করুন।

পাঠ - ১০

# গ্রাম পরিক্রমা

পুরুষোত্তমপুর গাঁয়ে তিলোত্তমা দেবীর ঘর। প্রথমাষ্টমীর দুই দিন মাত্র বাকি।



তিলোত্তমা দেবী তাঁর মেয়ে অনুষ্কাকে নিয়ে বাজার বেরলো। রাস্তায় পোষ্ট অফিস দেখে অনুষ্কা জিজ্ঞাসা করলো ‘‘মা’ এখানে কি হয়’’?















তিলোত্তমা মেয়ের কথা শুনে বলল, "এটা একটা পোষ্ট অফিস। এখানে পোষ্টকার্ড, খাম, অন্তর্দেশীয় পত্র, মানিঅর্ডার ফর্ম ইত্যাদি পাওয়া যায়। দূরে টাকা পাঠাতে ও খবর পাঠাতে পোষ্ট অফিস সাহায্য করে। আজকাল মোবাইল ফোনে অনেক দূর জায়গাতে অনেক কম সময়ের মধ্যে খবর পাঠানো যাচ্ছে।



কিছু রাস্তা যাওয়ার পরে অনুষ্কা একটি মসজিদ দেখে জিজ্ঞাসা করলো "মা, এটা কি?" মা' বললো "এটা মসজিদ। মুসলমানরা এখানে প্রার্থনা করে। হিন্দুরা মন্দিরে পুজা পাঠ করে। ভজন কীর্ত্তন করে। তেমনি খ্রীষ্টানরা গির্জায় প্রার্থনা করে। শিখরা গুরুদ্বার প্রার্থনা করে।



মসজিদ, মন্দির, গির্জা, গুরুদ্বার এক একটি ধর্ম অনুষ্ঠান সব ধর্ম সমান কেউ ছোট বড় নয়।"









অনুষ্কা জিজ্ঞাসা করলো, ''মা', আমরা কি পোষাক কিনবো না''? তিলোত্তমা দেবী বললেন, ''হ্যাঁ, আমরা তো প্রায় বাজারে এসে পৌঁছেই গেলাম''।

অনুষ্কা বললো, ''মা', তুমি যে হাটে যাও সেটা আবার কি''? তিলোত্তমা দেবী বললেন, ''হাট সাতদিনে একবার বা দু' বার বসে, বিভিন্ন প্রকারের জিনিস পাওয়া যায়। বিভিন্ন অঞ্চল থেকে লোকেরা এসে বেচা কেনা করে। হাট শেষহলে দোকান গুলো সব উঠে যায়। এক জায়গাতে বিভিন্ন প্রকারের দোকান থাকলে তাকে বাজার বলা হয়। তা প্রত্যেক দিন খোলা থাকে। '' তার পরে অনুষ্কার জামা কেনা হলো। সে খুব খুশী হয়ে বাড়ি ফিরলো।



## অভ্যাস

১। পড়।

| | | | |
|---|---|---|---|
| নষ্ট | শুষ্ক | বৃত্ত | ষষ্ঠ |
| কষ্ট | কণিষ্ক | উত্তাপ | ওষ্ঠ |
| মুষ্টি | পরিস্কার | কার্ত্তিক | শ্রেষ্ঠ |
| তুষ্ট | পুষ্করিণী | উত্তম | নিষ্ঠা |

২। পড় ও লেখো।

সন্তুষ্ট ———— আবিষ্কার———— দেবদত্ত ————

বৃষ্টি———— পুরস্কার———— উত্তর ————

দুষ্ট———— অপরিষ্কার ———— শর্মিষ্ঠা————

সন্তুষ্ট———— বশিষ্ট ———— কনিষ্ঠ ————

৩। যুক্তাক্ষর অনুযায়ী নীচের বাক্সে শব্দগুলি সাজাও।

বৃষ্টি, শুষ্ক, সৃষ্টি, ওষ্ঠ, উত্তর, কণিষ্ক, উত্তাপ, নিষ্ঠা, বৃত্তি, নিষ্কাশন, চেষ্টা, পুষ্করিণী, দুষ্ট, জ্যেষ্ঠ, শিষ্ঠ।

| ষ্ট | ষ্ক | ষ্ঠ | ত্ত |
|---|---|---|---|
| | | | |

৪। পড় ও লেখো।

ক) জ্যৈষ্ঠমাসে সূর্যের উত্তাপ বেশি হয়।

______________________________

খ) প্রভু রামচন্দ্র লক্ষ্মণের জ্যেষ্ঠ ভাই হয়।

______________________________

গ) সম্বলপুরে শীতল ষষ্ঠী এক প্রসিদ্ধ যাত্রা।

______________________________

ঘ) অনুস্কার ভাই ষষ্ঠ শ্রেণীতে পড়ে।

______________________________

ঙ) দুষ্ট লোকের থেকে দূরে থাক।

______________________________

চ) নিষ্ঠাবান লোক সব সময় উন্নতি করে।

______________________________

ছ) কখনো দুষ্টামি কোর না।

______________________________

জ) শান্তশিষ্ট শিশুকে সকলে আদর করে।

______________________________

ঝ) জাতীয় সম্পত্তি নষ্ট করা উচিত নয়।

______________________________

ঞ) সর্বদা পরিষ্কার থাক ও চারদিক পরিষ্কার রাখ।

______________________________

৫। শব্দ গঠন কর। যেমন




৬। খালি জায়গাতে যে কোনো দুইটি চিত্র কর।

পোস্ট কার্ড চিত্র

বৃত্তের চিত্র

মুষ্টির চিত্র

৭। পূরণ কর।

সৃ——　　য——　　পৃ——

সম——　　পু——　　বৃ——

ও ——　　নি——

৮। কোথায় যাব -

ক) পোস্টকার্ড কেনার জন্য ______________________

খ) আনাজ কেনার জন্য ______________________

গ) পোষাক কেনার জন্য ______________________

ঘ) টাকা পাঠানোর জন্য ______________________

৯। উত্তর লেখো।

ক) তোমার গাঁয়ের পোস্টাপিসে কি কি কিনতে পাওয়া যায় ?

______________________

______________________

খ) তোমার অঞ্চলের লোকেরা কোথায় টাকা জমা রাখে ?

______________________

______________________

গ) পোস্টাপিসে কি কি কাজ হয় ?

______________________

______________________

ঘ) তোমার ঘরের নিকটে কি কি ধর্ম প্রতিষ্ঠান আছে?

______________________________________________

______________________________________________

ঙ) তোমার গাঁ অঞ্চলে কোন দিন হাট হয়? সেই হাটে কি কি বিক্রি হয়?

______________________________________________

______________________________________________

চ) তোমার গাঁয়ের নিকটে কোথায় বাজার আছে? বাজার থেকে তোমার গাঁয়ের লোকেরা কি কি কেনে?

______________________________________________

______________________________________________

ছ) তোমার গাঁয়ে হাট না থাকলে তোমার কি অসুবিধা হতো?

______________________________________________

______________________________________________

জ) কোনও কারণে তোমার অঞ্চল / গাঁ -এ পোস্টাপিস বন্ধ করে দেওয়া হলে তোমার কি কি অসুবিধা হবে?


______________________________________________

______________________________________________

# আমরা এ পর্যন্ত কি শিখলাম

| | | |
|---|---|---|
| | ‘ল’ ফলা ল | ‘ত্ব’ ফলা ব |
| ‘য়’ফলা ্য | রেফ ‘র্’ | স্ক |
| ঙ্গ | ণ্ট | ট্র |
| ন্ড | ন্থ | ন্দ |
| ন্ধ | ম্প | স্ফ |
| ন্ব | ন্ত | ঙ্ক |
| ষ্ট | ষ্ঠ | ত্ত |
| | | র্ণ |







পাঠ-১০

# শিক্ষক ও অভিভাবকের জন্য সূচনা

পিরিয়ড সংখ্যা - ৪০

কি শিখবে -

ভাষাঃ

- স্ক, ষ্ট, ষ্ঠ যুক্তাক্ষর চিনবে।
- ঠিক বানান যুক্ত শব্দ পড়তে শিখবে। কুটির কুটীর উভয়ই ঠিক শিশুদের জানাবেন।
- শিখে নেওয়া যুক্তাক্ষর ঠিক ভাবে লিখবে।
- শ্রবণ, কথন, পঠন ও লিখন বিষয় ভালভাবে বুঝতে শিখবে।

পরিবেশঃ

- আমাদের অঞ্চলের গুরুত্বপূর্ণ স্থান হাটবাজার, প্রার্থনাস্থল, পোস্টাপিস।
- শিক্ষক প্রথমে পাঠটি আদ্যোপান্ত পড়বেন ও বিভিন্ন ভাগকে আলাদা করে নেবেন।
- প্রত্যেক ধর্মস্থান / পীঠ উপরে গুরুত্ব দেবার চেষ্টা করা হয়েছে। আবশ্যক স্থলে পীঠস্থানগুলি সম্পর্কে অধিক তথ্য সংগ্রহ করবে।
- শিশুদের চিত্রগুলি মনোযোগ দিয়ে দেখতে দেবেন।
- চিত্র দেখে তাদের দেখা পীঠস্থান গুলি সম্পর্কিত তাদের অনুভূতি শ্রেণীকক্ষে বলার সুযোগ দেবেন।
- পোস্টাপিস সম্পর্কিত তথ্য সংগ্রহ করবে।
- প্রথমে পোস্টাপিস অংশটি আলোচনা করবেন ও শিশুরা চিনতে না পারা নতুন যুক্তাক্ষরগুলি ব্ল্যাকবোর্ডে লেখাবেন তারপর শিশুদের দিয়ে তা চেনাবেন।
- অধিক যুক্তাক্ষর সম্পর্কিত শব্দ প্রশ্ন করে আদায় করবেন।
- শিশুকে শব্দখেলা খেলতে সুযোগ দেবেন। উচ্চারণ করবার সুযোগ যত বেশি সম্ভব দেবেন।
- ধর্মপীঠস্থানগুলির চিত্র সংগ্রহ করতে বলবেন।
- বিভিন্ন চিত্রের এ্যালবাম করার সুযোগ দেবেন।

অভ্যাসঃ

- অভ্যাস কার্যগুলি নির্দেশ অনুসারে কাজ করাবেন।
- নং-১ শব্দগুলি তারা নিজে পড়ার পরে জানতে চাইবেন।
- প্রশ্ন নং ৯ আলোচনা করতে বলবেন ও পৃথক পৃথক ভাবে ওদের লিখতে বলবেন।
- প্রত্যেক শিশু পৃথক ভাবে লেখার পরে দলভুক্ত পরস্পরের মধ্যে সেটি পড়বে।
- প্রত্যেক প্রশ্নের উত্তর শ্রেণীকক্ষে জানতে চাইবেন।


পাঠ - ১১

# একতাই বল

পিপঁড়েরা একদিন করল সভা
ঠিক হলো আখ চাষ করবে তারা।
যতনে কৃষিজমি তৈয়ারী করল
বেছে বেছে ভাল চারা লাগিয়ে দিল
জমিতে দিয়ে দিল বাঁশের বেড়া
বাঁদর রইল সতর্ক পাহারা
ধীরে ধীরে আখ পেকে উঠলো
হাতীর তাই দেখে ভারী লোভ হলো।



আখের জমিতে ঢুকলো হাতী
চম্পা গাছে বসে ডাকলো পাতি।
শুনে পিঁপড়ের দল এলো ছুটে
হাতীকে দিল জোরে কামড়ে।
পিঁপড়ের কামড় সইতে না পেরে
হাতী পালিয়ে গেল জীবনের ডরে।
আখ জমি হলো হাতী শুন্য
ছোট্ট পিঁপড়েদের একতার জন্য।
হাতী খেয়ে যাবে আমাদের সম্পত্তি
ছাড়বো কি ভাই আমরা পিপঁড়ে জাতি?



## অভ্যাস

১। পড় ও লেখো।

| | | | |
|---|---|---|---|
| | | কনিষ্ক | কনি ____ |
| ডেস্ক | ডে ____ | সমষ্টি | সম ____ |
| বাদ্য | বা ____ | বলিষ্ঠ | বলি ____ |
| মেন্টা | মে ____ | সম্পত্তি | সম্প ____ |
| জন্দা | জ ____ | মহাসিন্ধু | মহাসি ____ |
| পাঁপড় | পাঁ ____ ড় | | |

২। সাজিয়ে লেখো।

| | | | |
|---|---|---|---|
| আদহ্লা | ________ | বিসশ্বা | ________ |
| নরমস্কা | ________ | সতভ্যা | ________ |
| মকড্ডু | ________ | বন্তস | ________ |
| বকন্দু | ________ | | |

৩। পদ্যটি পড়ে উত্তর লেখো।

পিঁপড়ের দল কি চাষ করবার জন্য বিচার করলো ?

________________________________

খ) কে কৃষিজমি পাহারা দিল ?

______________________________

গ) কি দেখে হাতীর লোভ হলো ?

______________________________

ঘ) পাতি কোথায় বসে ডাক দিল ?

______________________________

ঙ) পাতির ডাক শুনে পিঁপড়ের দল কি করল ?

______________________________

চ) পিঁপড়ের দল হাতীর কবল থেকে কিভাবে আখ চাষের জমি রক্ষা করলো ?

______________________________

৪। আমরা বিলে কি কি চাষ করি ?

যেমন আখ, ________ ________

________ ________

________ ________

________ ________

________ ________

৫। তলায় প্রদত্ত ছবিগুলি দেখ ও প্রশ্নগুলির উত্তর দাও।



ক) দশটি পাখির নাম লেখো।

খ) পাখিরা কোথায় থাকে?

গ) কোন পাখিদের রং কালো?


ঘ) কোন পাখির রং হলদে?

ঙ) কোন পাখি জলে ডুবে মাছ ধরে?

চ) কোন পাখি মরা জীবজন্তু খায়?

৬। নিম্নে প্রদত্ত পাখিদের নাম ও তাদের রং অনুসারে ঠিক কুঠরিতে লেখো।

বক, টিয়া, হাঁস, হলুদবসন্ত, কাক, চিল, কোকিল, শকুন, কাজললতা পাখি।





৭। পাখিটা চিনে রং দাও।

পাঠ-১১

## শিক্ষক ও অভিভাবকের জন্য সূচনা

পিরিয়ড সংখ্যা - ২২

**কি শিখবেন**

ভাষা ঃ **শিশুরা পদ্যটি সমবেত ভাবে ও একক ভাবে আবৃত্তি করবে।**

- সরল ভাবে সহজ প্রশ্নের উত্তর দেবে।
- ছোট ছোট প্রশ্ন জিজ্ঞাসা করবে।
- সরল পদ্য উচ্চৈঃস্বরে পড়বে।
- ছোট জীবদের একতার ফলে বড় জীবকে কি ভাবে প্রতিহত করতে পারলো এই মূল্যবোধ শিক্ষা দেওয়া হয়েছে।
- শিশুরা আগে শেখা যুক্তাক্ষর যুক্ত শব্দগুলি পুনরাবৃত্তি করা হয়েছে।


**পরিবেশ ঃ**

- পশুপক্ষীদের চিহ্নিত করবে।
- চিত্রকে মনোযোগ দিয়ে দেখতে বলবেন। কি দেখছে ও চিত্র থেকে কি জানতে পারছে তা আলোচনা করবে।
- পদ্য টি আবৃত্তি করবেন ও শিশুদের দিয়ে আবৃত্তি করাবেন।
- পিঁপড়েদের একতার ফলে হাতী কিভাবে হার মানলো তার গুরুত্ব আলোচনা করবেন।
- শিশুদেরা ছোট ছোট প্রশ্ন করার মতো সুযোগ দেবেন।

**অভ্যাস ঃ**

- পদ্যটি আবৃত্তি করাবেন।
- একক ভাবে অভ্যাস করবে।
- শিক্ষক মন থেকে আরো অনেক শব্দ দিতে পারেন।
- শিক্ষক শিশুদের ১০নং পাঠের পঠিত বিভিন্ন যুক্তাক্ষর যুক্ত শব্দগুলি শ্রুতিলিখনের জন্য দেবেন।
- অভ্যাস প্রশ্ন ৬ ও ৭ এর মতো আরো অন্য প্রশ্ন দিতে পারেন।

# আমাদের গ্রাম



আমাদের গাঁ-র নাম পুষ্পপুর। একে ঘিরে রয়েছে সবুজ শস্যক্ষেত্র। কিছু দূরে ছোট্ট নদীটি কুলকুল শব্দ করে বয়ে যাচ্ছে। গাঁয়ের মাথায় শিব মন্দির আছে। গাঁয়ের অর্ধেকের চেয়ে বেশি লোক চাষবাস করে পেট পোষে। ক্ষেতে ধান, গম, মুগ, বিরি ও চিনাবাদাম চাষ করে। নিজের পরিবার চালানোর জন্য খাদ্যশস্য রেখে অবশিষ্ট বিক্রি করে দেয়। এর ফলে অন্য লোকেরা সেগুলো সুবিধাতে পেয়ে যায়।



গাঁয়ের আর কিছু লোক কাঠের খাট, চৌকি, টেবিল, কপাট ও জানালা ইত্যাদি তৈরি করে। ওদের কাঠের মিস্ত্রী বলা হয়। যার যে জিনিস দরকার সে তা'র ন্যায্য দাম দিয়ে ওদের কাছ থেকে কিনে নেয়।

গাঁয়ে নানা প্রকার পালাপার্বণ পালিত হয়। লোকেরা পরস্পর মিলেমিশে মনের আনন্দে পালাপার্বণ পালন করে। গাঁয়ের পরিবেশ সবুজ সতেজ রাখার জন্য লোকেরা বৃক্ষরোপণ উৎসব করে। ফলে গাঁ থেকে কিছু দূরে সুন্দর একটি জঙ্গল সৃষ্টি হয়েছে। এর থেকে স্পষ্ট জানতে পারি যে নিঃস্বার্থ পরিশ্রম কখনো নিস্ফল হয় না।




গাঁয়ে অনেক লোক ফুল চাষ করে বলে গাঁয়ের নাম পুষ্পপুর রাখা হয়েছে।



গাঁয়ের অল্প কিছু লোক মাটির হাঁড়ি , কলসী সরা তৈরী করে।






আর কিছু লোক লোহার কাজ করে পেট চালায়। ওরা দা, কাটারি, বঁটি, চাকি বেলনা, কোদাল, গাঁইতি ইত্যাদি তৈরি করে।

কিছু লোক গ্রামবাসীদের ময়লা কাপড় ও পোষাক পরিস্কার করে। সেগুলি সাবান ও কাপড় কাচা পাউডার দিয়ে পরিস্কার করে ও ইস্ত্রী করে পারিশ্রমিক নেয়।





গাঁয়ের কিছু লোক নদী নালা

পুকুর থেকে মাছ ধরে পেট চালায়।।

কিছু লোক গরু, মহিষ পালন করে।

ওরা দুধ বিক্রি করে

জীবিকা নির্বাহ করে।

আমাদের গাঁয়ের বাচস্পতি

মহারাণা একজন মূর্তি কারিগর

সে পাথরের সুন্দর সুন্দর

মূর্তি তৈরি করে। তার

হাতের স্পর্শ পেয়ে পাথরের

মূর্তি জীবন্ত হয়ে ওঠে।



গাঁয়ের লোকেরা ভিন্ন ভিন্ন কাজ করলেও ওদের মন এক। পরস্পরের মধ্যে উত্তম বোঝাপড়া থাকে। কেউ কাউকে ছোট বলে ভাবে না। সকলে মিলেমিশে বাস করে। একত্রে নিষ্পত্তি নেয়।

# এদের জান



## অভ্যাস

১। উচ্চারণ করে পড় ও তার পাশে লেখো।

| | | |
|---|---|---|
| স্পষ্ট | নিষ্ফল | কাল্পনিক |
| পুষ্প | নিষ্পন্ন | স্পর্শমনি |
| গল্প | আস্পর্দ্ধা | কল্পতরু |
| স্প্রিং | স্ফুলিঙ্গ | স্পর্শেন্দ্রিয় |
| স্পার্দ্ধা | স্পর্শ | পুষ্পাঞ্জলি |
| স্ফূর্তি | অল্পায়ু | আস্ফালন |

২। পাঠটি পড়ে তার মধ্যে থাকা 'ল্প, স্প, ষ্প' যুক্ত শব্দগুলি বেছে লেখো।

ল্প ________ ________ ________ ________ ________

স্প ________ ________ ________ ________ ________

ষ্প ________ ________ ________ ________ ________

৩। গোলের ভিতর থেকে অক্ষর নিয়ে খালি জায়গাতে লেখো।

নি——ন্ন

নি——ল

পর——

ষ্পা, স্পা, ল্পা
ল্পি, ষ্ফ, স্প,
স্ফা, স্ফ

গা——ক

অ——য়ুষ

——টিক

৪। 'ক' স্তম্ভে থাকা শব্দ সহ 'খ' স্তম্ভ থেকে উপযুক্ত শব্দ বেছে জোড়।

| ক | খ |
|---|---|
| ইস্পাত | বাষ্প |
| অল্প | কলপবট |
| বাষ্প | আস্‌ফালন |
| নিষ্ফল | ইস্‌পাত |
| কল্পবট | নিষ্‌ফল |
| আস্ফালন | অল্‌প |
| আস্পর্দ্ধা | গল্‌প |
| গল্প | নিষ্‌পত্তি |
| নিষ্পত্তি | আস্‌পর্দ্ধা |

৫। বাক্যগুলি পড়, দেখে দেখে তার তলায় লেখো।

ক) পশ্চিমদিকে অল্প মেঘ উঠেছে।

______________________________

খ) কিছু বৃক্ষ পুষ্পবন্ত কিন্তু নিষ্ফল।

______________________________

গ) জল গরম হলে বাষ্প হয়।

______________________________

ঘ) বৃথা আস্ফালন ঠিক নয়।

ঙ) স্পৃহা না থাকলে কোন কাজ হয় না।

## ৬। পাঠটি পড়ে উত্তর লেখো।

ক) চাষীরা কি কি চাষ করে?

খ) মাটির কারিগর কি কি জিনিস মাটি দিয়ে তৈরি করে?

গ) কাঠের কারিগর কি কি তৈরি করে?

ঘ) গো-পালক কি কি জিনিস বিক্রি করে?

ঙ) বাচস্পতি মহারাণা কি করেন?

________________________________

________________________________

চ) আমাদের গাঁয়ের লোকেরা কিভাবে থাকে?

________________________________

________________________________

৭। তোমার গাঁ / অঞ্চলের লোকেরা কি কি কাজ করে লেখো।

________________ ________________

________________ ________________

________________ ________________

৮। ধাঁধাঁ গুলি পড়। খালি ঘরে কাজের নাম লেখো।

ক) চকটা মাটি চাকাতে রেখে

হাঁড়ি কলশী গড়ে দিই

[ ]

খ) নতুন কাপড় কাটছি ছেড়াঁফাটা জুড়ছি

নতুন নতুন পোষাক যত, আমাদের জন্যে করছি।

[ ]

গ) বুলিয়ে তাঁত করি মেহনত

কাপড়ের থান বুনে

অল্প মূল্যে জুগিয়ে দিই


সকলের মন জিনে

৯। বড় বাক্স ভিতরে যে কোন দিকের পাশাপাশি অক্ষরগুলি জুড়লে একটি কাজের নাম হয়। কাজ গুলি খুঁজে পাশের বাক্সে লেখো।

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ম | | কৃ | ষি | কা | জ | ক্ষা |
| | কা | | | ম | শি | |
| গো | | হা | কা | ক | | পা |
| পা | | ঠ | লো | | | ঠ |
| ল | কা | | | ক | | প |
| ন | ব্য | ব | সা | য় | নৃ | ড়া |
| | রা | জ | মি | স্ত্রী | | ত্য |

| | |
|---|---|
| লোহাকাম | |
| | |
| | |
| | |
| | |

১০। চিত্রের সঙ্গে ডান দিকের যে কাজের সঙ্গে সম্পর্ক আছে তার সঙ্গে দাগ দিয়ে জুড়ে দাও

| | |
|---|---|
|  | চাষের কাজ বা কৃষির কাজ |
|  | কাঠের কাজ |
|  | ঘর তৈরির কাজ |
|  | রুগী সেবা |
|  | বই পড়া |

১১। তোমার ঘরে কেউ কাজ না করলে কি অসুবিধা হবে?

______________________________

______________________________

১২। চিত্র দেখে এরা কি কি কাজ করছে লেখো।



______________________________

______________________________

______________________________









১৩। তোমার গাঁয়ে চাষীটি যে সব ফসল চাষ করে তা বুঝে তালিকা তৈরি কর।



১৪। 'ক' স্তম্ভে কয়েকটি কাজের বিষয়ে বলা হয়েছে। 'খ' স্তম্ভে কাজের নামের সঙ্গে তাকে দাগ টেনে জুড়ে দাও।

| ক' স্তম্ভ | খ' স্তম্ভ |
|---|---|
| কাপড় চোপড় পরিষ্কার করে ইস্ত্রী করা | মিষ্টি তৈরির কাজ |
| বালি সিমেন্টে ইট ও পাথর জুড়ে ঘর তৈরি করা। | কাপড় চোপড় পরিষ্কার করার কাজ |
| রসগোল্লা, নাড়ু, জিলাপি, গজা ইত্যাদি মিষ্টি জিনিস তৈরি করে বিক্রি করা। | রাজমিস্ত্রীর কাজ |
| লোকেদের থেকে মাপ নিয়ে জামা, প্যান্ট ইত্যাদি সেলাই করা। | রুগী সেবা কাজ |
| বিদ্যালয়ে ছাত্রছাত্রীদের পড়ানো। | সাইকেল মেরামতি কাজ |
| শরীর খারাপ হলে রুগীদের পরীক্ষা করে ওষুধ দেওয়া। | দরজির কাজ |
| লোকেদের সাইকেল খারাপ হলে মেরামতি করা | পড়ানোর কাজ |

পাঠ - ১২

# শিক্ষক ও অভিভাবকের জন্য সূচনা

পিরিয়ড সংখ্যা -৪৫

**কি শিখবে**

**ভাষা ঃ**
- স্প, স্ল, স্ফ, স্ক যুক্তাক্ষরগুলি চিনবে।
- বানান যুক্ত শব্দ পড়তে শিখবে।
- শেখা যুক্তাক্ষর নির্ভুল ভাবে লিখবে।
- নির্ভুল বানান সহ পরিস্কার শব্দ ও বানান লিখবে।
- শ্রবণ, কথন, পঠন ও লিখনের বিষয় ভাল ভাবে বুঝবে।


**পরিবেশ ঃ**
- গাঁ', পাড়ার বৃত্তিগুলি চিনবে।
- জীবন ধারণের জন্য বৃত্তি / কাজের আবশ্যকতা জানবে।
- শিক্ষক পাঠটি পড়বেন। চিত্র, গীত ও উপকরণ গুলি সম্পর্কে ধারণা দেবেন। ছবিগুলি
- দেখাবেন। শিশুরা ছবিগুলি মনোযোগ দিয়ে দেখবে।
- চিত্রে কি দেখছে তা আলোচনা করবে।
- গানগুলি গাইতে বলবেন ও কার বিষয়ে লেখা হয়েছে জিজ্ঞাসা করবেন।
- জুয়াল ও কোদালের মত চাষের কাজে কি কি উপকরণ ব্যবহার হয় তা নিজের অনুভুতি থেকে বলতে বলবেন। চিত্র গুলিতে অল্পকথা বলা হয়েছে। শিশুরা আরো অনেক জানবে।
- তাদের দেখা কাজগুলি সম্পর্কে আলোচনা করবে।
- এখানে ৮ টি চিত্র / কাজের আলোচনা করা হয়েছে। আরো বেশি ওই বিষয়ে শিশুদের ধারণা দেবে।
- শেখার জন্য যুক্তাক্ষর গুলি বই থেকে বেছে ব্ল্যাকবোর্ডে লিখবেন ও চিনিয়ে দেবেন। উচ্চারণ করতে বলবেন। শিশুরা পরস্পারের মধ্যে জিজ্ঞাসাবাদ করে উচ্চারণ স্পষ্ট করার জন্য যত্ন নেবে।


**অভ্যাস ঃ**
- প্রত্যেক অভ্যাস কার্যের জন্য সূচনা দেওয়া হয়েছে।
- প্রশ্ন ৮ আলোচনা করাবেন ও অভ্যাস কার্যগুলি একক ভাবে করতে বলবেন।
- শ্রেণীগৃহে সমস্ত প্রশ্নের উত্তর দিতে হবে।
- শ্রুতিলিখন উপরে গুরুত্ব দেবেন।
- সংগ্রহ করতে (১৩) দেওয়া প্রশ্ন ঘরে জিজ্ঞাসা করে লিখতে বলুন ও শ্রেনীগৃহে তা' আলোচনা করুন।
- অভ্যাস প্রশ্ন ৪এ কয়েকটি যুক্তাক্ষর বিকল্প ভাবে লেখার বিষয়ে সূচনা দেওয়া হয়েছে। যেমন ইস্পাত - ইস্‌পাত, স্প, স্ক, স্ফ মত অননুনাসিক যুক্তাক্ষরকে হলন্ত যোগে বিকল্প পদ্ধতিতে লেখা যেতে পারে। এই প্রশ্নে তার সূচনা দেওয়া হয়েছে। শিক্ষার্থীদের এ বিষয়ে অবগত করাবেন।
- বস্ত্র, অস্ত্র মতো শব্দে 'স' তে ত্র ফলা ব্যবহার করা হয়েছে বস্ত্র, অস্ত্র শাস্ত্র প্রভৃতি শব্দ যথাক্রমে বস্ত্র, অস্ত্র শাস্ত্র ভাবেও লেখা যেতে পারে।

পাঠ - ১৩

# ব্যাঙ করে কটর কটর

এক শীতের সকাল। চতুর্দিক কুয়াশায় ভর্তি। ব্যাঙ সর্দারের সঙ্গীত দল একত্রিত হয়েছে। সর্দারের সৃষ্ট নতুন সুর অভ্যাস করা হবে। নির্দেশ পাওয়া মাত্র কচ্ছপের মাদল, সাপের বাঁশী, কাঁকড়ার হারমোনিয়াম, বাঁদরের ঢোলক, শশকের ডুবিতবলার





শব্দয় আখড়াঘর কেঁপে উঠবে।

শীতের প্রকোপে ব্যাঙদের গলা বসে গেছে। গানের মহড়া হতে পারলো না। ঠান্ডা আবহাওয়ার জন্য এই দূর্দশা বোলে সর্দার বুঝতে পারলো। সে বললো, ''দেখ ভাই, শীতের পরে গরমের দিন আসবে। আবহমন্ডল গরম হবে। ভেপসা হবে। ঘাম ঝরবে। তখনও আমরা একত্রিত হতে পারবেনা না। তা' পরে বর্ষাকালে আকাশ মেঘাচ্ছন্ন থাকবে। চল, এখন আমরা নিশ্চল হয়ে মাটির তলায় শুয়ে পড়ি। আমি দক্ষিণ দিকে শুতে যাচ্ছি।'' এরপর

যে যার জায়গা বেছে নিঃশব্দে শুয়ে পড়লো। গরম দিন গিয়ে বৃষ্টির দিন এলো। আকাশ ঘন কালো মেঘে ঢেকে যায়। বিদ্যুৎ চমকায়। এ সময় কড় কড় শব্দে পৃথিবী যেন কেঁপে উঠলো। ব্যাঙদের ঘুম



ভেঙেগেল। ওরা সর্দারের কাছে যাবার জন্য বেরোলো। কিন্তু নির্দিষ্ট পথ জানতে পারলো না। কি করবে তাই ভাবতে লাগলো। ওদের মধ্যে এক বৃদ্ধ ব্যাঙ ছিল। সে বললো, "আমি অনেক বুদ্ধিমান।" সে চারদিকে চাইলো। দেখলো একদিকের আকাশ ধীরে ধীরে ফর্সা হয়ে আসছে। "দেখ, এ দিকে সূর্য উদয় হচ্ছে। এ দিকটা নিশ্চয় পূর্বদিক। এদিকে মুখ করে দাঁড়ালে তোমার পিছন দিক হবে পশ্চিম দিক। তোমার ডানহাত দক্ষিণ দিক হবে ও বাম হাত উত্তর দিক্ হবে। তারপরে ওরা ডানদিকে গেল। গান অভ্যাস করলো। অভ্যাস করতে করতে আষাঢ় মাসের চতুর্দশী তিথি এসে পড়লো। সেদিন বাঘমামার বিয়ের দিন।

গানের দল সেখানে এসে পৌঁছালো। গান গাইল। খাঁটি গাওয়া ঘি - এর মিষ্টি ও পায়েস হয়েছিল। পেটভরে ভোজ খেল।

ব্যাঙদের পেটে ঘি কি হজম হয় ? পেট গোলমাল হলো। পায়খানা হলো। হনুবৈদ্য কত প্রকার গাছের শিকড় এনে ওষুধ তৈরি করলো। তারা ওষুধ খেয়ে পায়খানা থেকে উদ্ধার পেলে কি হবে ওদের স্বরভঙ্গ হয়ে গেল। তারা আর আগের মত গান গাইতে পারলো না। সেদিন থেকে তারা কটর কটর শব্দ করে আসছে।

## অভ্যাস


১। পড় ও লেখো।

| | | |
|---|---|---|
| ফর্দ ________ | আরদালী ________ | বুদ্ধ ________ |
| শুদ্ধ ________ | বিশুদ্ধ ________ | করমর্দন ________ |
| শব্দ ________ | শনিশ্চর ________ | উর্দু ________ |
| নিশ্চয় ________ | শব্দাবলী ________ | যুদ্ধ ________ |
| উদ্ভট ________ | অর্দ্ধরাত্রি ________ | পশ্চিম ________ |

চিত্র দেখ। বাদ্য যন্ত্র গুলির নাম বল।



২। পাঠটি পড়। পাঠের ব্দ , দ্দ, শ্চ, দ্ভ, অক্ষর যুক্ত শব্দগুলি ফুলের উপযুক্ত পাপড়ির উপরে লেখো।




৩। এলোমেলো শব্দ গুলি সাজিয়ে লেখো।

| | | |
|---|---|---|
| সরর্দ্দা ________ | মনর্দ্দ ________ | উরদ্ধা ________ |
| বিদ্ধরু ________ | উদভ্রি ________ | স্ববভা ________ |
| শব্দীতা ________ | দ্ভুতঅ ________ | মশ্চিপ ________ |
| শনিঃব্দ ________ | | |

৪। লাল অক্ষরে লিখিত ভুল শব্দটি কেটে বাক্যটি সাজাও।

ক) সূর্য পূর্ব পশ্চিমদিকে অস্ত যায়

খ) বিদ্যালয়ে বাঘ দেখে বাচ্চাটি আশ্চর্য নির্ভয় হয়ে গেল।

গ) উদ্ভিদ প্রাণীরা চলাফেরা করতে পারে না।

ঘ) অশ্ব শার্দ্দুল বনে থাকে।

ঙ) ঢোল বাজালে জোরে শব্দ গন্ধ হয়।

চ) আমার দাদু যুবক বৃদ্ধ হয়ে গেছে।

৫। বন্ধনী থেকে শব্দ নিয়ে খালি জায়গাতে লেখো।

(নিশ্চয়, বুদ্ধিমান, সর্দ্দি, নিঃশব্দ, অদ্ভুত)

ক) কাল রাতে আমি একটি ________ স্বপ্ন দেখলাম

খ) শিশুটি ________ জন্য নাক সড় সড় করছে।

গ) আমার মামা কাল ________ আসবে।

ঘ) শৃগাল এক ________ প্রানী।

৬। গল্পটি পড়ে উত্তর লেখো।

ক) কচ্ছপ কি বাজাচ্ছিল ?

উত্তরঃ

খ) শীতের দিনে কি হবার ফলে ব্যাঙেরা গান গাইতে পারলো না।

উত্তরঃ

গ) ব্যাঙের দল মাটিতে কেমন করে শুয়েছিল ?

উত্তরঃ

ঘ) কোন তিথিতে বাঘ মামার বিবাহ হয়েছিল ?

উত্তরঃ

ঙ) হনুবৈদ্য কি দিয়ে ঔষধ তৈরি করেছিল।

উত্তরঃ

৭। বাক্য গুলি আধা লেখা হয়েছে। তলার শব্দ দিয়ে বাক্যগুলি পূরো কর।

ক) নর্দমা ঃ- আমাদের ঘরের পাশে

খ) বুদ্ধিমতী ঃ- নীনা সেনা ছোট কিন্তু

গ) শব্দ ঃ- বৃষ্টির দিনে কড় কড়

ঘ) পশ্চাত্তাপ ঃ- জ্যোতি নিজের ভুল জানার পরে

ঙ) উদ্ভিদ ঃ- জঙ্গলে অনেক প্রকার

৮। তোমার গাঁ / অঞ্চলের কোনদিকে কি আছে তলার ঘরে লেখো।

| পূর্বদিক্ | পশ্চিম দিক্ | দক্ষিণ দিক্ | উত্তর দিক্ |
|---|---|---|---|
| | | | |

৯। নীচের দৃশ্যগুলি যে ঋতু সহ সম্পর্কিত, তার সঙ্গে দাগ টেনে জুড়ে দাও।







বর্ষাঋতু

গ্রীষ্মঋতু

শীত ঋতু







১০। উত্তর লেখো।

ক) তুমি পশ্চিম দিকে মুখ করে দাঁড়ালে তোমার দক্ষিণ হস্ত কোন দিকে থাকবে?

উত্তরঃ ______________________________

খ) তুমি দক্ষিণ দিকে মুখ করে দাঁড়ালে তোমার বাঁ হাত কোন দিকে থাকবে?

উত্তরঃ ______________________________

গ) তুমি উত্তর দিকে মুখ করে দাঁড়ালে তোমার পিঠ কোন দিকে থাকবে ?

উত্তর ঃ ________________________________

১১। কোন দিনগুলিতে এ প্রকার হয় ?

ক) চতুর্দিক কাদায় পচ্ পচ্ হয় ____________________

খ) চৌরাস্তার ধারে জলছত্র খোলা হয় ____________________

গ) সকাল সকাল কুয়াশা দেখা যায় ____________________

ঘ) কালো চশমা, ছাতা , চপ্পল, জলের বোতলের

ব্যবহার বাড়ে ____________________

ঙ) লোকে গরম পোষাক ব্যবহার করে ____________________

১২। একটি শব্দ বদল করে বাক্যটি ঠিক করে লেখো।

ক) সূর্য পশ্চিম দিকে উঠে।

উত্তর ঃ ________________________________

খ) শীতের দিনে অনেক ভেপসা ঘাম হয়।

উত্তর ঃ ________________________________

গ) গরম দিনে আকাশ মেঘলা হয়।

উত্তর ঃ

ঘ) বর্ষাকালে শিশির হয়।

উত্তর ঃ


১৩। একটু ভেবে লেখো।

যদি সূর্য না থাকতো, তাহলে কি হতো ?

১৪। যদি মোটে বৃষ্টি না হয় তা হ'লে কি হবে ?

১৫। তলার নৌকাগুলিতে রং দাও।





পাঠ - ১৩

# শিক্ষক ও অভিভাবকের জন্য সূচনা

পিরিয়ড সংখ্যা - ৪৭

**কি শিখবে।**

**ভাষা ঃ**

- দ্ধ, ব্দ, দ্দ, শ্চ, ন্ত - যুক্তাক্ষার গুলি চিনতে শিখবে।
- বানান সহ শব্দ পড়তে শিখবে।
- শেখা যুক্তাক্ষরগুলি ঠিক ভাবে লিখবে।
- শ্রবণ, কথন, পঠন ও লিখন বিষয় ভালভাবে বুঝতে চেষ্টা করবে।
- নতুন শব্দ খুঁজতে বলবেন।
- নতুন যুক্তাক্ষরগুলি চিনিয়ে দেবেন।
- নতুন যুক্তাক্ষরের রূপ প্রায় একই প্রকার। সুতরাং তাদের মধ্যে পার্থক্য দেখাতে বলবেন। স্পষ্ট উচ্চারণের দিকে দৃষ্টি দেবেন।
- নতুন শব্দগুলি উচ্চৈঃস্বরে উচ্চারণ করাবেন।

**পরিবেশ ঃ**

- সূর্যোদয় ও সূর্যাস্ত সাহায্যে দিক্ নির্ণয়।
- জলবায়ু ও প্রকৃতির সঙ্গে ঋতুর সম্পর্ক।
- শিশুরা চিত্র দেখবে। চিত্রে কি কি হচ্ছে লক্ষ্য করবে। শিক্ষক চিত্র সম্পর্কে আলোচনা করবেন।
- সঙ্গীত দলের চিত্র শিশুরা দেখবে।চিত্রে কি কি হচ্ছে, এরা কি করছে। আলোচনা করবে।
- শিক্ষক তার পরে গল্পটি বলবেন।
- গ্রীষ্ম, বর্ষা, শীত, কালের অনুভূতি শিশুদের জিজ্ঞাসা করবেন।
- শিশুদের বাইরে নিয়ে গিয়ে যেদিকে সূর্য থাকবে সেদিকটা দেখাবেন। জিজ্ঞাসা করবেন। দ্বিপ্রহরে সূর্য দেখে দিক নির্ণয় করা কষ্ট; তাই শিশুদের সূর্য কোন দিকে উঠে তা'পরের দিন দেখে আসতে বলবেন।
- চিত্র দেখাবেন ও চিত্র (শিশুটি সূর্যের দিকে) টিতে কি দেখছে আলোচনা করতে দেবেন ও দিক্‌গুলি দেখিয়ে দিতে শিশুকে বলবেন।
- অভ্যাস কার্য একক ভাবে করাবেন।
- একক ভাবে ও দলগত ভাবে আলোচনা করার জন্য সুযোগ দেবেন। পরে শিক্ষক উত্তর জানতে চাইবেন।
- ১৩ ও ১৪ নম্বর প্রশ্ন শিশু নিজে যত ভেবে লিখবে তত ভাল। শিক্ষক সেজন্য উৎসাহিত করবেন। এর উত্তর ভিন্ন ভিন্ন হবে। কাজেই শিক্ষক বলবেন না।
- শিশুদের শ্রেণীগৃহে রং আনতে বলুন ও শ্রেনীগৃহে রং দেওয়ার কাজ করতে উৎসাহ দিন।

পাঠ - ১৪

# গ্রীষ্ম, বর্ষা, শীত




গাঁয়ের নাম মুক্তাপুর। সেই গাঁয়ে প্রায় একশ' ঘর। ভক্তবন্ধু গাঁ-র সবচেয়ে ধনী ব্যাক্তি। তাঁর নাতনীর নাম তৃপ্তি।

তৃপ্তি ঃ দাদু, এতো গরম কেন হচ্ছে?

দাদু ঃ গরম দিনে গরম হবে না তো কি হবে?

তৃপ্তি ঃ আজকাল কি শীগগির সন্ধ্যা হচ্ছে না?

দাদু ঃ গ্রীষ্মকালে দিন বড় হয়। খুব ভোরে সুর্যোদয় হয়। দেরিতে অস্ত যায়। গরমের জন্য গাছপালা শুকিয়ে যায়।

তৃপ্তি ঃ গাছপালা কেন শুকোয়?

দাদু ঃ অত্যন্ত গরমের জন্য নদী , নালা শুকিয়ে যায়। গরম বাতাস বয়। বর্ষার অভাব। জল না পেয়ে গাছপালা শুকিয়ে যায়। মাটি শুকনো হয়ে যায়। এ সময় জমিতে হাল দেওয়া হয়।

তৃপ্তি ঃ দাদু, এই গরমদিনে কি কি ফল হয় ?

দাদু ঃ গ্রীষ্ম কালে আম, কাঁঠাল, আনারস, জাম পাকে। এগুলো গরম দিনের ফল।

তৃপ্তি ঃ গ্রীষ্ম কালে কি কি ফুল ফোটে ?

দাদু ঃ মল্লিকা, মালতী, টগর ফুল ফোটে।

তৃপ্তি ঃ আবার কবে বর্ষা হবে ?

দাদু ঃ রজপর্ব ও শীতলাষষ্ঠীর সময় বর্ষা হয়। বর্ষাকাল তোর কেমন লাগে ?

তৃপ্তি ঃ ছি, চারদিকে কাদা পচপচ। কখনো কখনো সপ্তাহ সপ্তাহ ধরে বৃষ্টি হয়। ঝড় বৃষ্টি হলে খেলতে পারি না। নদীতে বন্যা হয়। স্কুল যেতে অসুবিধা। কাগজের নৌকা ভাসাই, কিন্তু বেশী ভাল লাগে না।

দাদু ঃ না, না, ওই রকম বলিস না। বৃষ্টি না হলে দুর্ভিক্ষ হবে। বৃষ্টি পড়লে গরম কমে যায়। বৃষ্টি হলে ধান বোনা হয়। ধান না হলে লোকে খাবে কি ? গাছের পাতা গজিয়ে উঠে। বর্ষাকালে ঢেঁড়স, ঝিঙা, কচু, কাঁকরোল, চিচিঙ্গা পাওয়া যায়।। সবুজ সবজিতে মজা আছে তো। শীতেরদিনে ধান ঝাড়াই হয়। বস্তা বস্তা ধান পেয়ে চাষী খুশি হয়।


তৃপ্তি ঃ আচ্ছা দাদু, শীত থেকে কিভাবে রক্ষা পাওয়া যায় ?


দাদু ঃ শীতকালে অনেক ঠান্ডা হয়। আমরা গরম পোষাক পরি। আগুন জ্বালাই, আগুনের কাছে বসি।


তৃপ্তি ঃ দাদু, কেবল কী আমাদেরই শীত লাগে ? পাখিদের কি ঠাণ্ডা লাগে না ?

ওরা এই শীতে কীভাবে থাকে ?


দাদু ঃ ঠিক্ পাখিদের এতো শীত হয় যে ওরা প্রচণ্ড শীতের অঞ্চল থেকে, কম শীতের অঞ্চলে উড়ে আসে।

## অভ্যাস

১। এসো পড়ব ও লিখব।

| | | |
|---|---|---|
| মুক্ত ———— | ডাক্তার ———— | হস্তী ———— |
| রক্ত ———— | যুক্তাক্ষর ———— | হস্ত ———— |
| ভক্ত ———— | হস্তাক্ষর ———— | দস্তা ———— |
| শক্তি ———— | প্রাপ্তপত্র ———— | প্রস্তাব ———— |
| যুক্ত ———— | বজ্রপাত ———— | পুস্তক ———— |
| বিভক্ত ———— | সপ্তাহ ———— | শূন্যহস্ত ———— |
| বিদ্যুৎশক্তি ———— | দপ্তর ———— | বিশ্বস্ত ———— |
| সপ্তপত্র ———— | তৃপ্তপ্রাণ ———— | আশ্বস্ত ———— |

চিত্র দেখ ঃ সব্জির ডালার কাছে সব্জির নাম লেখো। ফলের ডালার কাছে ফলের নাম লেখো।



২। পড়, লেখো ও মনে রেখো।

সাধুর লক্ষণ ঈশ্বর ভক্তি, দুধ খেলে বাড়ে শক্তি।

৩। তলায় দেওয়া অক্ষরগুলি নিয়ে শব্দ গঠন কর ও বাক্সতে রাখ।

শ ক্ত র
অ
হ ক্তি ক
র ব
ভ প্ত
ডা ম
ম স্ত
গু
মু
পু
স

যেমন- শক্তি, ডাক্তার

৪। এলোমেলো শব্দ ঠিক করে লেখো।

ডারক্তা ____________________

অপ্তভৃ ____________________

ক্তরবি ____________________

হস্তারক্ষ ____________________

স্তকপু ____________________

৫। বিভিন্ন ঋতুতে উৎপন্ন হওয়া ফুল, ফল , সবজির নাম লেখো।

| জিনিস | গ্রীষ্মঋতু | বর্ষা ঋতু | শীত ঋতু |
|---|---|---|---|
| ফুল | | | |
| ফল | | | |
| সবজি | | | |

৬। আলোচনা করে উত্তর লেখো।

ক) কোন ঋতুতে গাছপাতা শুকিয়ে যায় ?

______________________________

খ) কোন ঋতুতে নদীতে বন্যা আসে ?

______________________________

গ) কোন ঋতুতে রাস্তাঘাট কাদা হয় ?

______________________________

ঘ) বন্যা এলে কি অসুবিধা হয় ?

______________________________

ঙ) আমরা মুখ্যতঃ কয়টি ঋতু অনুভব করি ও সেগুলি কি কি ?

______________________________

______________________________

চ) কোন ঋতুতে বেশী সব্‌জি পাওয়া যায়?

ছ) কোন ঋতুতে আম ও কাঁঠাল পাকে?

৭। ঋতু সহ সম্পর্কিত কাজগুলি জুড়ে দাও।

| | |
|---|---|
| বর্ষা ঋতু - | ধান ঝাড়া হয়। ব্যাঙ মাটির নীচে লুকিয়ে থাকে |
| গ্রীষ্ম ঋতু - | ধান গাছ বড় হয়ে ধান জমি সবুজ দেখায়। ময়ূর আনন্দে নাচে। |
| শীত ঋতু - | ধান বোনার জন্য জমি হাল করা হয়।<br>পশুপক্ষীরা অনেক কষ্ট পায়। |

৮। খালি ঘর পূরণ কর।

ক) নদী পুকুর ——— ঋতুতে শুকিয়ে যায়

খ) নদী পুকুরে ——— ঋতুতে জল ঘোলা দেখা যায়।

গ) পাখীরা ——— ঋতুতে বেশী শীত হওয়ার স্থান থেকে অল্প শীতের স্থানে উড়ে যায়।

ঘ) লোকেরা ——— ঋতুতে বনভোজন করতে আগ্রহী হয়।

৯। আলোচনা করে লেখো।

ক) তোমার গাঁ' / অঞ্চলে লোকেরা কোন ঋতুতে কোন সবজি চাষ করে জেনে বুঝে লেখো।

---

---

---

খ) তোমরা গাঁ' / অঞ্চলের লোকেরা কোন সময়ে ধান বোনে ও ঝাড়াই করে জেনে লেখো।

---

---


---

১০। তোমার বাগানে কোন ঋতুতে কোন্ ফুল ফুটে তা লক্ষ্য কর ও লেখো।

| ঋতুর নাম | ফোটা ফুলের নাম |
|---|---|
| গ্রীষ্ম ঋতু | |
| বর্ষা ঋতু | |
| শীত ঋতু | |

## ১১। এসো গান করবো, ওড়িয়া মাস ও ঋতু গুলির নাম লিখবো।

গ্রীষ্মে বৈশাখ জ্যৈষ্ঠ মাস
প্রচন্ড রৌদ্রের প্রকাশ



বর্ষাতে আষাঢ় শ্রাবণ
মেঘ বরষে ঘন ঘন।



ভাদ্র আশ্বিন শরতে
নির্মল শোভা জগতে।



হিমে কার্ত্তিক অগ্রহায়ন
রাত্রে হয় শিশির পতন।



শীতকাল পৌষ মাঘ
শীত বস্ত্র শরীরে থাক



ফাল্গুন চৈত্র বসন্তে
মৃদু মলয় বহে মন হরিতে।



বারো মাসের এই কথা
মনে রেখো সর্বদা

মধুসূদন রাও

আমাদের মাসগুলি হলোঃ

________, ________, ________, ________,
________, ________, ________, ________,
________, ________, ________, ________।

আমাদের ঋতুগুলি হলোঃ

________, ________, ________, ________, ________, ________

## ১২। এসো পড়বো ও লিখবো

| | | |
|---|---|---|
| উচ্চ | স্বচ্ছ | বিজ্ঞ |
| উচ্চারণ | কচ্ছপ | অবজ্ঞা |
| গুচ্ছ | আচ্ছাদন | যজ্ঞ |
| তুচ্ছ | বিচ্ছেদ | জ্ঞান |
| উচ্চাটন | উচ্ছন্ন | বিজ্ঞান |
| উচ্চাসন | বিচ্ছিন্ন | বিজ্ঞপ্তি |

## ১৩। তোমার ভালো লাগা রঙ দিয়ে ফুলে রঙ দাও।



পাঠ - ১৪

# শিক্ষক ও অভিভাবকের জন্য সূচনা

পিরিয়ড সংখ্যা - ৪৫

**কি শিখবে**

ভাষা ঃ

- প্তক্ত, স্ত, স্ত, ক্ত যুক্তাক্ষর চিনবে।
- চ্চ, চ্ছ, ঞ্জ অভ্যাস করবে।
- বানানের সঙ্গে শব্দ পড়তে শিখবে।
- শেখা যুক্তাক্ষর ঠিক ভাবে লিখবে।
- ঠিক বানানের সঙ্গে স্পষ্ট ভাবে শব্দ, বাক্য লিখবে।
- শ্রবণ, কথন, পঠন ও লিখন বিষয় ভালভাবে বুঝতে চেষ্টা করবে।

পরিবেশ ঃ

- ঋতু সহ মানুষের কার্য
- ঋতু সহ উদ্ভিদের সম্পর্ক
- ঋতু সহ পক্ষীর সম্পর্ক
- শিশুরা চিত্রগুলি সমেত লেখাগুলি মনোযোগ সহকারে দেখবে।
- চিত্রগুলি দেখে কি বুঝছে আলোচনা করবে। কোন সময় বা ঋতুর চিত্র জানতে চাইবে।
- গরম দিনে কি হয়? বর্ষাকালে কি কি হয়? কি ফল, শাক সবজি, ফুল হয় আলোচনা করবে।
- পাঠটি শিশুরা পড়বে। অজানা শব্দ গুলি শিশুদের জিজ্ঞেস করতে বলবেন।
- শব্দগুলি ব্ল্যাকবোর্ডে লিখবেও অক্ষর চিনিয়ে দেবে।
- শব্দগুলি পড়াতে বলবেন। শব্দযুক্ত বাক্যগুলি লিখতে বলবেন।
- পাখিদের ঋতুর সঙ্গে কোন সম্পর্ক থাকে কী? যদি থাকে তা' কি? নিজ অনুভূতি থেকে আলোচনা করতে দেবেন। শিক্ষক কিছু তথ্য জুগিয়ে দেবেন।
- চিলিকা, হীরাকুদ হ্রদে পাখিদের আসার কথা বলবেন।

অভ্যাস ঃ

- ২ ও ১১ নম্বরের উত্তর শিশুদের কাছ থেকে জেনে নেবেন।
- ১, ৯ ও ১১ নম্বর প্রশ্নের উত্তর আলোচনা করার সুযোগ দেবেন।
- অন্তাক্ষর খেলা শেখাবেন।



পাঠ - ১৫

# আমাদের অঞ্চলের ভূমিরূপ

উৎসব বাবুর ছেলের নাম উৎপল। সে উৎকল বিশ্ববিদ্যালয় থেকে পড়া শেষ করে গ্রামে ফিরলো। সে এক উৎসাহী যুবক। সে চাকরি না করে চাষ করতে চাইল।

উৎপল বাবাকে বললো, "বাবা আমাদের নদীর পাশের জমি ভারি উর্ব্বর। গ্রামের পশ্চিম দিকের পাহাড় তলার জমি শুধু মাঠ। সেই জায়গাটি পাথুরে ঢিবির মত। ঘাস গজিয়েছে। গরু ছাগল চরে বেড়ায়। গ্রামের বাচ্চারা সেখানে খেলে। মাঝে মাঝে আনন্দে চিৎকার করে ওঠে। পাহাড় থেকে তো ঝরণা বেরিয়েছে। মাঠটি প্রয়োজনে কাজে লাগানো যেতে পারে। এজন্য কৃষি অফিসারের সঙ্গে আলোচনা করবো।



একদিন সময় করে কৃষি অফিসারের কাছে দু'জনে গেল। তাঁর সঙ্গে পরামর্শ হলো। কৃষি অফিসার বললেন, মাঠের জমিকে গোবর সার দিয়ে উর্ব্বর করা যায়। গোবর সার এক উৎকৃষ্ট সার। জমিতে দিলে জমির উৎপাদন শক্তি বাড়ে। ফসল উৎপাদন ভাল হয়।



আপনি সেখানে আম, কাঁঠাল, বট, অশ্বত্থ, শাল, দেবদারু, তেঁতুল, জাম ও খেজুর গাছ লাগাতে পারবেন।

আপনি মাঠকে অন্য উপায়েও ব্যবহার করতে পারেন। গাই, মুরগী ও ছাগলের ফার্ম করতে পারেন। নদী পাশের জমিতে ধান চাষ তো ভাল হবেই। তার সঙ্গে কলাই, মুগ, সরষে, বাদাম ইত্যাদি ভাল হবে। আলু, কপি, বেগুন ও কুমড়োও লাগাতে পারবেন।



টিপি জমিতে কার্পাস, তিল অডর ডাল হয়। মাঠ, বিল, বন, পাহাড়, পাথুরে অঞ্চল-এ সবই ভূমির বিভিন্ন রূপ।

কৃষি অফিসারের পরামর্শ অনুসারে মাঠটি চাষের কাজে লাগানো হলো। জমির থেকে বেশী উৎপাদন হলো।



পশুদের নাম লেখ ঃ

























## অভ্যাস

১। পড় ও মনে রাখ

ক) আমার জন্মভূমি উৎকল দেশ।

উৎকল কীর্তি অসীম অশেষ

সর্ব উৎপাত হোতে হরি

রাখুক তোকে কৃপা করি।

**খ) পড় ও লেখো।**

**স্খলন, স্খলিত, ভূস্খলন** ________ ________ ________

২। পাঠের মধ্যে থাকা ক, স্ত, প্ত শব্দগুলি লেখো।


________ ________ ________ ________ ________

________ ________ ________ ________ ________

৩। তলার শব্দগুলি পড় ও লেখো।

| | | | |
|---|---|---|---|
| উৎকট | ________ | ভৎর্সনা | ________ |
| উৎকল | ________ | উৎসাহিত | ________ |
| উৎকলিকা | ________ | উৎপত্তি | ________ |
| উৎস | ________ | উৎপাদন | ________ |
| উৎসব | ________ | উৎসাহ | ________ |
| উৎপন্ন | ________ | | |

৪। শব্দ তৈরী করে মাছের ল্যাজে লেখো। যেমন




৫। আলোচনা করে উত্তর লেখো।

ক) কৃষি অফিসার মাঠের জমিতে কি কি চাষ করার জন্য উৎপলকে পরামর্শ দিলেন ?

উত্তর ঃ ______________________________

______________________________

খ) মাঠের জমিকে কি ভাবে উর্ব্বর করা যায় ?

উত্তর ______________________________

______________________________

গ) নদীর কাছের জমিতে কোন্ ফসল ভাল হয় ?

উত্তর ঃ ______________________________

______________________________

ঘ) ৫ টি বড় গাছের নাম লেখো।

উত্তরঃ ______________________________

৬। ক) তোমার অঞ্চলে কিপ্রকার ভূমি আছে লেখো।

উত্তরঃ ______________________________

______________________________

খ) তোমার অঞ্চলের জমিতে কি কি ফসল করা যায় ?

উত্তরঃ ______________________________

______________________________

গ) তোমার গ্রামের লোকেরা কি কি পশুপক্ষী পালন করে ?

উত্তরঃ ______________________________

______________________________

ঘ) তোমার অঞ্চলের লোকেরা জমিতে ভাল ফসলের জন্য কি সার প্রয়োগ করে জিজ্ঞাসা করে লেখো।

উত্তরঃ ______________________________

______________________________

৭। পড় ও প্রশ্নগুলি উত্তর লেখো।

মাছ জলে বাস করে। মাছকে জল থেকে বের করে আনলে অল্প সময়ের মধ্যে মরে যাবে। মাছের পা নাই। তাদের লেজ ও ডানা সাঁতার কাটতে সাহায্য করে। মাছের শরীরে আঁশ থাকে।

ক) কারা জলে বাস করে।?

উত্তরঃ ____________________

____________________

খ) কার পা নাই?

উত্তর ____________________

গ) লেজ ও ডানার সাহায্যে কারা সাঁতার কাটতে পারে?

উত্তরঃ ____________________

৮। খালি ঘর পূরণ করঃ

ক) নদীর কাছে জমি ভারি ———


খ) পাহাড় থেকে ——— বেরিয়েছে।

গ) মাঠের জমিকে কাজে লাগানের জন্য ——————সঙ্গে পরামর্শ করবেন।

ঘ) জমিতে গোবর সার দিলে জমির ———————— শক্তি বৃদ্ধি পায়।

ঙ) গরু একটি ———————— পশু।

৯। তলার গাছটির চিত্র পুরা কর, সেটিতে রং দাও।



পাঠ - ১৫

# শিক্ষক ও অভিভাবকের জন্য সূচনা

পিরিয়ড সংখ্যা - ৩৯

**কি শিখবে**

**ভাষা ঃ**

- ক্ত, প্ত, স্ত ও স্থ যুক্তাক্ষর চিনবে।
- বানান সমেত শব্দ পড়বে।
- শেখা যুক্তাক্ষর ঠিক ভাবে লিখবে।
- ঠিক বানান সমেত পরিস্কার ভাবে শব্দ ও বাক্য লিখবে।
- শ্রবণ, কথন, পঠন ও লিখন বিষয় ভাল ভাবে বুঝবে।
- নতুন শব্দের অক্ষর চেনাবে (শিশুর দ্বারা) শব্দ লিখতে বলবেন ও দলের মধ্যে উচ্চারণ করতে দেবেন।
- নতুন নতুন শব্দ ক্ত, স্ত, প্ত , কে লাগিয়ে বলতে বলবেন।

**পরিবেশ ঃ**

- মানুষের দ্বারা স্থানীয় ভূমির ব্যবহার।
- স্থানীয় অঞ্চলের বৃক্ষ শস্য চিহ্নিত করন।
- শিক্ষক শিশুদের মা বাবারা কি চাকরি করে জিজ্ঞাসা করবেন।
- বিদ্যালয়ের বাইরে সুবিধে হলে ঘোরাতে নিয়ে যাবেন। খাল জমি, ঢিপ জমি, পাহাড়, পুকুর ইত্যাদি যা থাকবে চেনাবেন।
- কারো চাষজমি আছে কারো চাষ জমি নাই। জমিতে কি চাষ হয় বিভিন্ন খেলার মাধ্যমে তা জানবেন। শিশুর অনুভূতিকে গুরুত্ব দেবেন। কে পশুপালন করে পেট পোষে জানতে চাইবেন।
- বাগানে গাছ থাকলে চেনাতে বলবেন। শ্রেণীগৃহে গল্পটি বলবেন। বলার সময় চিত্র সহ বড় অক্ষরে লিখিত শব্দগুলি দেখাবেন। শব্দগুলি ব্ল্যাকবোর্ডে লিখবেন। গল্প বলার সময় শস্য গুলোও দেখাতে পারেন।
- জমিতে পক্ষী, কীট পতঙ্গ প্রভৃতির কবল থেকে ফসল রক্ষা করার জন্য কি বন্দোবস্ত করা হয় আলোচনা করবেন। চাষের প্রয়োজনীয়তা বিষয়ে আলোচনা করবেন। চাষের জমিতে গোবর সারের গুরুত্ব বুঝিয়ে দেবেন।
- উৎপল কেন চাষ করতে আগ্রহী হলো আলোচনা করবেন।
  বাবা, দাদু / ঘরের লোককে বিভিন্ন প্রকার জমি দেখানোর জন্য শিশুকে বলবেন।

**অভ্যাস ঃ**

- শব্দ লেখার উপরে গুরুত্ব দেবেন।
- ১ নম্বর গানটি মুখস্ত করতে বলবেন। আবৃত্তি করতে বলবেন।
- ৫ নম্বর (অভ্যাস পর্যায়ের) শিশুরা আলোচনা করে নিজেরা স্বতন্ত্রভাবে লিখবে।
- ৯, ৭ নম্বর করতে শিশুরা বেশ কিছু সময় নিতে পারে, তাদের সে সুযোগ দিতে হবে।
- ১১ নম্বর চিত্রে রং দিয়ে পাখিদের নাম লিখবে।
  শিশুরা স্বতন্ত্র ভাবে লেখার পরে শ্রেণীগৃহে সে বিষয়ে আলোচনা হবে।

পাঠ - ১৬

# আমাদের পাল পার্বণ



এ কোন পর্বের ছবি ?

________________________________


এ দিন কোন্ দেবীর পুজা করা হয় ?

________________________________

তুমি সেদিন ঘরে কি কর ?

________________________________

কার্ত্তিক মাস কৃষ্ণপক্ষ অমাবস্যা তিথিতে দীপাবলি পর্ব পালন করা হয়। সেদিন আমরা পূর্ব পুরষদের স্মরণ করি।



ছবিটিতে কোন ধর্মের লোকদের দেখছ ?

________________________________

তাঁরা কোথায় বসে প্রার্থনা করছেন ?

________________________________

রমজান মুসলমানদের এক পর্ব। একমাস ধরে মুসলমানেরা এই সময় উপবাস করেন। এটি তাঁদের এক পবিত্র মাস। রাত্রে স্বতন্ত্র ভাবে নামাজ পড়া হয়। এই পবিত্র মাসে অনেক দান করা হয়।

ছবিতে কাদের প্রার্থনা গৃহ দেখতে পাচ্ছ?



---

কোন ধর্মের লোকেরা এখানে প্রার্থনা করেন?

---

ডিসেম্বর মাসের ২৫ তারিখটি খ্রীষ্টান ধর্মের লোকেরা বড় দিনে রূপ পালন করেন। সেদিন যীশুখ্রীষ্ট জন্ম গ্রহণ করেছিলেন। এটি কোন যাত্রার ছবি দেখছ?



---

কোন কোন ঠাকুর এ দিন পূজিত হন?

---

তুমি রথ যাত্রা কিভাবে পালন কর?

---

আষাঢ় মাসের শুক্লপক্ষ দ্বিতীয়া তিথিতে রথযাত্রা পালন করা হয়। পুরীর রথযাত্রা বিশ্ব প্রসিদ্ধ। এই দিন সবজাতি ও ধর্মের লোকেরা বড় দাণ্ডে ঠাকুরকে দর্শন করেন।



ছবি তে কোন ঠাকুরকে পুজা করা হচ্ছে ?

এই পূজা কোন কোন স্থানে হয় ?

---

তুমি গণেশ পুজার দিন বিদ্যালয়ে কি কি কর ?

---

---

---

গণেশ পূজা ভাদ্রমাসে শুক্লপক্ষ চতুর্থী দিনে হয়। গণেশ ঠাকুরকে বুদ্ধিদাতা ভাবে গণনা করা হয়।

এই চিত্রটিতে কোন দেবী আছেন ?

---


পূজার আগের দিন তুমি বিদ্যালয়ে কি কর ?

---

---

মাঘমাসের শুক্ল পঞ্চমী তিথিতে সরস্বতী পূজা হয়।





ছবিতে কাকে দেখছো ?

---

মহাত্মাগান্ধী ১৮৬৯ সালের অক্টোবর মাসের ২ তারিখে জন্ম গ্রহণ করেছিলেন। ভারতকে পরাধীনতা থেকে স্বাধীন করার ক্ষেত্রে তাঁর মুখ্য ভূমিকা ছিল। তাই তাঁরজন্মদিনটি প্রতিবৎষর "গান্ধীজয়ন্তী" ভাবে পালন করা হয়। গান্ধী জয়ন্তী এক জাতীয় পর্ব।




তুমি গুরুদিবসে কি কর ?

এটি ডক্টর সর্বপল্লী রাধাকৃষ্ণানের ছবি। তিনি একজন আদর্শ শিক্ষক ও দার্শনিক ছিলেন। তিনি ভারতের দ্বিতীয় রাষ্ট্রপতি ছিলেন। শিক্ষকসমাজকে সম্মানিত করার হেতু তাঁর জন্মদিন সেপ্টেম্বর ৫ তারিখ গুরু দিবস রূপে পালন করা হয়।



প্রতিবর্ষ আমরা আগষ্ট ১৫ তারিখটি স্বাধীনতা দিবস রূপে পালন করি। ১৯৪৭ সালের ১৫ তারিখে ভারত স্বাধীন হয়েছিল। ১৯৫০ সালের জানুয়ারী ২৬ তারিখে ভারতের সংবিধান কার্যকরী হলো। সুতরাং এই দিনটি সাধারণতন্ত্র দিবস রূপে পালন করা হয়। স্বাধীনতা দিবস ও সাধারণ তন্ত্র দিবস হচ্ছে আমাদের জাতীয় পর্ব। এই দিন জাতীয় পতাকা উড়াই ও জাতীয় সংগীত গান করি। জাতীয় পর্ব পালন করে আমাদের দেশের জন্য যাঁরা লড়াই করেছিলেন সেই সব মহান লোকেদের স্মরণ করি ও সম্মান প্রদর্শন করি। ভারতের সর্বত্র জাতীয় পর্ব পালন করা হয়। আমরা আরো অনেক পর্ব গ্রামে গঞ্জে, ঘরে ও বিদ্যালয়ে পালন করি। এর ফলে ভাই ভাই ভাব ও স্নেহমমতা বেড়ে উঠে। সব পর্বে জাতীয় সংগীত গাওয়া হয় না।

ছবি দেখে এঁদের চিহ্নিত কর এবং এঁদের বিষয়ে কিছু বল।













## অভ্যাস

১। পড় ও লেখো।

| | | | |
|---|---|---|---|
| স্থান | ____________ | অবস্থা | ____________ |
| স্থির | ____________ | স্থাপন | ____________ |
| স্থায়ী | ____________ | প্রস্থান | ____________ |
| অস্থি | ____________ | প্রশস্ত | ____________ |
| দুঃস্থ | ____________ | কৃষ্ণ | ____________ |
| সুস্থ | ____________ | বিষ্ণু | ____________ |
| প্রস্থ | ____________ | সহিষ্ণু | ____________ |
| স্থল | ____________ | বৈষ্ণব | ____________ |
| স্থাবর | ____________ | শ্রীকৃষ্ণ | ____________ |

২। তলায় দেওয়া অক্ষরগুলি নিয়ে যত পার শব্দ তৈরি কর।

| | | |
|---|---|---|
| স্ত | প | ন |
| প্র | স্থা | অ |
| ব | স্থ | ল |

____________________________________________

____________________________________________

____________________________________________

____________________________________________

৩। এসো নীচের বাক্যগুলি পড়বো ও লিখবো।

সুদেষ্ণা বিষ্ণুপুর যাচ্ছে।

কৃষ্ণপক্ষ পরে শুক্লপক্ষ হয়।

আমাদের কষ্ট সহিষ্ণু হওয়া উচিৎ।

সবুজ সবজি খেলে আমাদের শরীর সুস্থ থাকে।

আমাদের গ্রামে একটি বিদ্যালয় স্থাপন করা হোল।

৪। 'স্থ' ও 'ষ্ণ' যুক্ত পাঁচটি শব্দ লেখো।

৫। 'স্থ যুক্ত দুইটি বাক্য ও 'ষ্ণ' যুক্ত দুইটি বাক্য লেখো।

৬। পর্বের (উৎসব) নাম সহ উপযুক্ত পালন তারিখ বা তিথিকে নিয়ে নীচে বাক্য লেখো।

| | |
|---|---|
| দীপাবলী | জানুয়ারী ২৬ তারিখ |
| বড় দিন | মাঘ মাস শুক্ল পঞ্চমী তিথি |
| রথ যাত্রা | সেপ্টেম্বর ৫ তারিখ |
| গণেশ পূজা | আষাঢ় শুক্ল দ্বিতীয়া |
| সরস্বতী পূজা | আগষ্ট ১৫ তারিখ |
| গান্ধী জয়ন্তী | ভাদ্রর মাস শুক্ল পক্ষ চতুর্থী তিথি |
| গুরুদিবস | ডিসেম্বর ২৫ তারিখ |
| স্বাধীনতা দিবস | কার্ত্তিক মাস অমাবস্যা তিথি |
| সাধারণতন্ত্র দিবস | অক্টোবর ২ তারিখ |

______________________________________________।

______________________________________________।

______________________________________________।

______________________________________________।

______________________________________________।

______________________________________________।

______________________________________________।

______________________________________________।

______________________________________________।

৭। তলার বাক্য গুলি ভুল থাকলে ঠিক করে লেখো।

ক) মহম্মদের জন্মদিনটি বড় দিন রূপে পালন করা হয়।

খ) সরস্বতীকে বিদ্যাদাত্রী রূপে পূজা করা হয়।

গ) মহাত্মা গান্ধী ছিলেন ভারতের দ্বিতীয় রাষ্ট্রপতি।

ঘ) ১৯৫০ সালের জানুয়ারী ২৬ তারিখে আমাদের দেশ স্বাধীন হয়।

ঙ) ১৮৬৯ সালের অক্টোবর ২ তারিখে নেতাজী জন্মগ্রহণ করেছিলেন।



৮। পর্বের (উৎসব) নামের সঙ্গে সম্পর্ক যুক্ত চিত্রটি দাগ টেনে জুড়ে দাও।

রজ

জন্মাষ্টমী

হোলি

বড়দিন

রমজান











৯। পাঠটি পড় ও নিজেদের মধ্যে আলোচনা করে উত্তর লেখো।

ক) দীপাবলীতে কোন দেবীর পূজা করা হয় ?

খ) রথযাত্রায় কোন কোন ঠাকুর রথে যাত্রা করেন ?

গ) কোন পর্বে জাতীয় পতাকা উড়ানো হয় ও জাতীয় সঙ্গীত গাওয়া হয় ?

ঘ) গান্ধীজীকে আমরা কেন মনে রেখেছি ?

ঙ) গুরুদিবস কোন তারিখে পালন করা হয়।?

১০। আলোচনা করে লেখো।

ক) তোমার বিদ্যালয়ে গণেশ পূজা কীভাবে পালন কর ?

খ) তোমার বিদ্যালয়ে স্বাধীনতা দিবস কীভাবে পালন করা হয় ?

গ) গুরুদিবস তুমি কীভাবে পালন কর ?

ঘ) স্বাধীনতা সংগ্রামীদের চিত্র সংগ্রহ করে একটি অ্যালবাম তৈরী কর।

পাঠ - ১৬

# শিক্ষক ও অভিভাবকের জন্য সূচনা

**পিরিয়ড সংখ্যা ৩৮**

**কি শিখবে -**

**ভাষাঃ**

- স্থ, ঞ্চ যুক্তাক্ষর চিনবে।
- বানানের সঙ্গে শব্দ পড়তে শিখবে।
- শেখা যুক্তাক্ষর ঠিক ভাবে লিখবে।
- নির্ভুল বানান সহ পরিস্কার ভাবে শব্দ ও বাক্য লিখবে।
- শ্রবণ, কথন, ও পঠন বিষয় ভালভাবে বুঝতে চেষ্টা করবে।

**পরিবেশঃ**

- জাতীয় পর্ব ও অন্যান্য পর্বগুলি চিহ্নিত করবে।
- পর্বগুলি কবে ও কেন পালন করা হয় জানবে।
- পালন সময়ে শিক্ষার্থীর ভূমিকা বুঝবে।
- শিক্ষক প্রথমে শিশুকে নিজের অনুভূতি বর্ণনা করার সুযোগ দেবেন। শিশুরা তাদের নানা পাল পার্বণের নাম বলবে। তাদের ঘরে ও নিকট প্রতিবেশী যা পালন করে এমন পাল পার্বণের নাম বলবে।
- পাল পার্বণের দিনে তারা কি করে ও ঘরের লোকেরা কি করেন তা আলোচনা করবে ?
- ঘরের পাল পার্বণের মত বিদ্যালয় কি কি পর্ব পালন করা হয়, কোন কোন দিবস পালন হয় ও সেদিন তারা কি করে সে বিষয়ে তাদের কাছ থেকে শিক্ষক শুনতে চাইবেন।
- সব ধর্মের / অঞ্চলের ভিন্ন ভিন্ন ধর্মের পালাপর্বের কথা জানতে চাইবেন।
- পাঠের চিত্র দেখতে বলবেন। চিত্রে কোন পর্বগুলি বিষয়ে উল্লেখ করা হয়েছে জিজ্ঞাসা করবেন। চিনতে না পারলে শিক্ষক সেগুলি চিনিয়ে দেবেন ও তা' পরে চিত্র সম্পর্কিত লেখা পড়তে দেবেন।
- শিক্ষার্থী নতুন শব্দ জিজ্ঞাসা করলে ব্ল্যাকবোর্ডে তা' লিখে রাখবেন ও চিনিয়ে দেবেন।
- জাতীয় পর্বগুলি সম্পর্কে জানতে চাইবেন। জাতীয় পর্ব কেন বলা হয়েছে প্রশ্ন করবেন। ও পরে তার তাৎপর্য বুঝিয়ে দেবেন।
- পার্লামেন্টের চিত্র দেখাতে বলবেন । পতাকা ওড়ার কারণ আলোচনা করা হবে। আগষ্ট ১৫, জানুয়ারী ২৬-র গুরুত্ব আলোচনা করবেন। বিভিন্ন সংগ্রামীদের ছবি দেখাবেন। এবং তাঁদের চিত্র সংগ্রহ করতে বলবেন।

**অভ্যাসঃ**

অভ্যাস কার্য স্বতন্ত্রভাবে করতে বলুন ও শ্রেণীঘরে আলোচনা করুন।

- উত্তর চেয়ে ভুল হলে সংশোধন করে দিন।
- অ্যালবাম প্রস্তুত করতে উৎসাহিত করুন।
- 

পাঠ - ১৭

# স্বাধীনতা দিবস

সকাল হলে আগষ্ট মাস ১৫ তারিখ হবে। শিশুদের মধ্যে আগ্রহ ও উৎসাহ দেখা যায়। শিক্ষক কৃষ্ণচন্দ্রের তত্ত্বাবধানে শিশুরা কাজ করলো। বিদ্যালয়ের ভিন্ন ভিন্ন স্থান পরিষ্কার করলো। প্রধান শিক্ষক বিষ্ণুবাবু কাকে প্রধান অতিথি করা যায়, ভাবলেন। বৈষ্ণব বাবুকে প্রধান অতিথি করবেন মনস্থ করলেন। শিশুরা রঙীন কাগজের পতাকা লাগালো। সব শিশুরা সকাল ৭টার মধ্যে পৌছঁনোর কথা স্থির হলো। শিশুরা ফুল নিয়ে স্কুলে এলো। বৈষ্ণব বাবু ঠিক



সময়ে বিদ্যালয় পৌঁছালেন। সকলে স্থিরভাবে দাঁড়ালো। বৈষ্ণব বাবু জাতীয় পতাকা উত্তোলন করলেন। শিক্ষার্থীরা জাতীয় সঙ্গীত গাইলো।



"জনগণমন অধিনায়ক জয় হে।।
ভারত ভাগ্য বিধাতা।
পাঞ্জাব সিন্ধু গুজরাট মারাঠা
দ্রাবিড় উৎকল বঙ্গ,
বিন্ধ্য হিমাচল যমুনা গঙ্গা
উচ্ছল জলধিতরঙ্গ,
তব শুভ নামে জাগে,
তব শুভ আশিষ মাগে,
গাহে তব জয় গাথা।
জনগণমঙ্গল দায়ক জয় হে
ভারত ভাগ্য বিধাতা।
জয় হে, জয় হে, জয় হে,
জয় জয় জয়, জয় হে।।"

তা'পরে বৈষ্ণব বাবু ভাষণ দিলেন।

ইংরেজরা দুইশত বর্ষ ধরে আমাদের শাসন করছিল। জাতির পিতা মহাত্মা গান্ধীর নেতৃত্বে দেশ স্বাধীন হয়েছিল। আমাদের জাতীয়

পতাকায় তিনটি রং আছে। কেশর রং সাহসের প্রতীক। সাদা রং শান্তির প্রতীক। সবুজ রং মৈত্রীর প্রতীক। মাঝের অশোক চক্র গাড় নীল রঙের। অশোক চক্রে ২৪ টি অর আছে। ইহা প্রগতির



সূচক। আজকের শিশু কালকের নাগরিক। দেশের উন্নতির জন্য সকলের কাজ করা আবশ্যক। ভাষণ পরে দেশের জন্য যাঁরা লড়াই করেছিলেনসেই সব নেতাদের নাম বললেন এবং শিশুদের জয় বলার জন্য অনুরোধ করলেন।

মহাত্মা গান্ধী কি - জয়

নেতাজী সুভাষ চন্দ্র বসু কি – জয়

বাল গঙ্গাধর তিলক কি - জয়

জওহারলাল নেহেরু কি – জয়

তার পরে শিশুরা মিষ্টি খেয়ে ঘরে ফিরলো।

## অভ্যাস

১। পাঠে যে নামগুলির সঙ্গে 'ষ্ণ' যুক্ত হয়েছে সেই নাম গুলি লিখবে।

২। তলার বাক্যগুলি পড়বো, 'ষ্ণ' থাকা শব্দগুলি △ ভিতরে লিখবো। 'স্থ' থাকা শব্দগুলি □ ভিতরে লিখবো।

- আমাদের শরীরে ২০৬ খন্ড অস্থি আছে।
- আমাদের বিদ্যালয়ের ভিতরে বৃক্ষরোপণের জন্য দিন স্থির হলো।
- কৃষ্ণ ও বিষ্ণু দুই ভাই।
- স্বাস্থ্যই সম্পদ।
- আমাদের পৃথিবীতে স্থলভাগ অপেক্ষা জলভাগ বেশি।
- শ্রীচৈতন্য বৈষ্ণব ধর্ম প্রচার করেছিলেন।

৩। তলায় লিখিত শব্দগুলি পড় ও লেখ -

শুক্ল ———, বল্লভ ———, কল্কি ———

৪। পাঠটি পড় ও তলার প্রশ্নগুলির উত্তর দাও।

ক) শিক্ষক কৃষ্ণচন্দের তত্ত্ববধানে শিশুরা কি করলো?

উত্তরঃ ————————————————————

————————————————————

খ) বিদ্যালয়ের প্রধান শিক্ষক কে?

উত্তরঃ ————————————————————

গ) কে মুখ্য অতিথি হলেন?

উত্তর ————————————————————

ঘ) শিশুরা কোন কাগজের পতাকা লাগালো?

উত্তরঃ ————————————————————

ঙ) কে পতাকা উত্তোলন করলেন?

উত্তরঃ ————————————————————

চ) কার নেতৃত্বে আমাদের দেশ স্বাধীন হলো?


উত্তরঃ ————————————————————

জ) চারজন স্বাধীনতা সংগ্রামীর নাম লেখো।

উত্তরঃ ————————————————————

————————————————————

৫। চিত্র দেখে রং দাও



৬। খালিস্থান পূরণ কর

ক) জাতীয় পতাকার মাঝখানের সাদা রং র প্রতীক।

খ) জাতীয় পতাকার নীচের সবুজ রং —র প্রতীক।

গ) জাতীয় পতাকার উপরের রং —— র প্রতীক

ঘ) জাতীয় পতাকার মাঝের চক্র চিহ্ন ——র প্রতীক।

ঙ) জাতীয় পতাকার মাঝের চক্রে ——— টি অর আছে।

চ) ১৯৪৭ সাল —— মাস ——— তারিখে আমাদের দেশ স্বাধীন হলো।

৬। একটু ভাব ও লেখো।

তোমার বিদ্যালয়ে সাধারণতন্ত্র দিবস কিভাবে পালন করা হয়? সে বিষয়ে কিছু লেখো।

উত্তর ঃ ______________________________

## আমরা আমাদের বই থেকে এ পর্যন্ত কি শিখলামঃ

| 'য়'ফলা 'য্', | | 'ল'ফলা '  ্ল' | 'ব'ফলা | রেফ ' র্' |
|---|---|---|---|---|
| ন্ড | ন্ত | ন্ত | ন্থ | ন্দ |
| ন্ধ | ম্প | ম্ফ | ম্ব | ম্ভ |
| ষ্ক | ষ্প | ষ্ফ | ষ্ট | ষ্ঠ |
| স্ক | স্ন | ত্ত | দ্দ | ব্দ |
| দ্ধ | দ্ভ | ক্ম | ক্ত | প্ত |
| প্ত | স্ত | স্থ | শ্চ | ঙ্ক |
| ট্ট | ল্ক | ন্ত | ক্ত | স্খ |

পাঠ-১৭

# শিক্ষক ও অভিভাবকের জন্য সূচনা

পিরিয়ড সংখ্যা - ২৬

কি শিখবে

ভাষাঃ স্থ, স্ম, স্ক পুনরাবৃত্তি

পরিবেশঃ

- জাতীয় পতাকার ধারণা।
- জাতীয় সঙ্গীত গান।
- শিক্ষক আগস্ট ১৫ ও জানুয়ারী ২৬ তারিখের গুরুত্ব বিষয়ে আলোচনা করবেন। পুনরায় আলোচনার পরে কেন পালন করা হয়, জিজ্ঞাসা করবেন।
- একে আমাদের জাতীয় পর্ব বলে কেন বলা হয় জানতে চাইবেন। সেদিন কি কি করা হয় চিন্তা করতে বলবেন।
- চিত্রে কি দেখছে ও কোন দিন এ কাজ করা হয় প্রশ্ন করে জানতে চাইবেন।
- শিশুকে পাঠটি পড়তে বলবেন।
- ছোট ছোট প্রশ্ন করবেন।
- জাতীয় পতাকার চিত্র দেখাবেন ও রঙ্ গুলি কি কি তা জিজ্ঞাসা করবেন।
- পাঠের অন্তর্গত বর্ণনা পড়বেন, আলোচনা করবেন ও কি বুঝলেন তা বোঝাবেন। পতাকার রং দেখিয়ে তার গুরুত্ব বোঝাবেন।
- কেন সাহস, বীরত্ব, শান্তি, মৈত্রী ও প্রগতিকে পতাকায় গুরুত্ব দেওয়া হয়েছে আলোচনা করবেন।
- সবদেশের পতাকা থাকে ও কেন থাকে আলোচনা করবেন।
- প্রত্যেক শিশু জাতীয় সঙ্গীত গাইতে শিখবে।

অভ্যাসঃ

- একক ভাবে অভ্যাস কার্য করাবেন ও উত্তর শ্রেণীগৃহে আলোচনা করবেন।
- বিভিন্ন দেশের পতাকার চিত্র সংগ্রহ করে অ্যালবাম তৈরি করতে উৎসাহিত করবেন।

পাঠ - ১৮

# মা'র মতো আমার আর কে হবে।

মা'র মত আমার কে আর হবে
নানা গান গেয়ে খাইয়ে দেবে
কোলে ধরবে





স্নেহ করবে
মোর চোখে যবে জল ঝরবে
কোলে নিয়ে মোরে হাসিয়ে দেবে
মা'র মত আমার কে আর হবে। ১।

মা'র মত আমার কে আর হবে
আমার কান্না আবদার সব সইবে
গল্প বলে
বুঝিয়ে দেবে
গুন্ গুন্ করে ছড়া গেয়ে গেয়ে
বিছানাতে আমায় শুইয়ে দেবে
মা'র মত আমার কে আর হবে। ২।।



বাইরে থেকে এলে আদর করে

ধূলো ঝেড়ে মাথা আঁচড়ে দেবে





দেহে পোষাক পরিয়ে দেবে



আয় আয় ব'লে স্বর্গের চাঁদ

কোলে নিয়ে আমায় দেখিয়ে দেবে

মা'র মত আমার কে আর হবে। ৩।।

বইপত্র সাজিয়ে দেবে

পড়তে স্কুল পাঠিয়ে দিয়ে

পথ চেয়ে তাকিয়ে থাকবে

না খেয়ে





এ জগতে আমি বড় হবো ব'লে

সকল সময় প্রার্থনা জানাবে

মা'র মত আপন আর কে হবে।৪।

## অভ্যাস

১। পদ্যটি পড় ও উত্তর লেখো।

ক) মা খাওয়ানোর সময় কী করেন?

খ) তোমার চোখে জল এলে মা কীকরেন?

গ) তুমি বাইরে থেকে এলেপরে মা কী করেন?

ঘ) স্কুলে পড়তে যাওয়ার আগে তোমার মা তোমার জন্য কি কি সাজিয়ে দেন?

ঙ) তোমার মা তুমি বড় হওয়ার জন্য কী করেন?

চ) তুমি তোমার মায়ের কাছে কোন কোন সময়ে গল্প শোন?

২। ক) তোমার মা তোমার জন্য কি কি কাজ করেন লেখো।

_______________________________________________

খ) তোমার মা ঘরে না থাকলে তোমার কী কী অসুবিধা হয় ?

_______________________________________________

গ) তোমার পরিবারে কে কে আছেন লেখো।

_______________________________________________

৩। ছেড়ে দেওয়া পদটি পূরণ কর।

ক) মোর চোখে যবে জল ঝরে

কোলে নিয়ে ______________________

খ) গুন গুন করে ছড়া গেয়ে গেয়ে

বিছানাতে ______________________

গ) বাইরে থেকে এলে আদর করে

ধুলো ঝেড়ে ______________________

ঘ) এ জগতে ______________________

সকল সময় প্রার্থনা জানাবে।

৪। নীচের বাক্য গুলি পড়ে পদ্য অনুসারে সাজাও ঃ

ক) পরিয়ে দেবে পোষাক দেহে

খ)

গ) মোরে দেবে হাসিয়ে কোলে নিয়ে

ঘ) সাজিয়ে বইপত্র দেবে

৫। তোমার মা' তোমার জন্য কি কি পিঠা তৈরি করেন ?

পাঠ - ১৮

# শিক্ষক ও অভিভাবকের জন্য সূচনা

পিরিয়ড সংখ্যা ঃ ১২

**কি শিখবে**

**ভাষা ঃ**

- শিশুরা পদ্যটি সম্মিলিত ভাবে ও একক ভাবে আবৃত্তি করবে।
- সরল ভাবে সহজ প্রশ্নের উত্তর দেবে।
- ছোট ছোটি প্রশ্ন জিজ্ঞাসা করবেন।
- সরল পদ্যটি উচ্চৈঃস্বরে পড়বে।

**পরিবেশ ঃ**

- মা সন্তানদের কি কি কাজ করেন তাহা তাদের জন্য কত গুরুত্ব পূর্ণ আলোচনা করবেন।
- চিত্র মন দিয়ে দেখতে বলবেন। কি দেখছে ও ছবি দেখে কি বুঝছে তা আলোচনা করবে।
- গানটি আবৃত্তি করবে ও শিশুদের সঙ্গে আলোচনা করবেন।
- মা তাঁর সন্তানদের জন্য কি কি কাজ করেন, শিশুদের সঙ্গে তা আলোচনা করবেন।
- পিতা মাতা প্রতি ভক্তি ভাব জাগ্রত করার জন্য মাতার গুরুত্ব কবিতা মাধ্যমে আলোচনা করবেন।
- শিশুদের সহজ প্রশ্ন করার জন্য উৎসাহিত করবেন।

**অভ্যাস**

- গানটি বারবার আবৃত্তি করাবেন।
- একক ভাবে অভ্যাস প্রশ্নের উত্তর দেবে।
- শিশুদের পরিবারের অন্যদের বিষয়ে আলোচনা করবেন।
- মা না থাকলে কি অসুবিধা হবে আলোচনা করবেন।

পাঠ - ১৯

# চিত্র দেখো ও বল

চিত্র - ১


## এসো দেখবো

নীচে দুইটি ছবি আছে। একটি ছবিতে পাঁচটি ভুল আছে। সেগুলি খুঁজে বের কর।






ছবিদেখে গল্প তৈরি কর ।



চিত্র নং-৩




## চিত্র দেখ

পরস্পরের মধ্যে কথা বল।

এ প্রকার চিত্র অঙ্কন কর।

রং দাও।



পাঠ - ১৯

# শিক্ষক ও অভিভাবকের জন্য সূচনা

পিরিয়ড সংখ্যা - ৮

**কি শিখবে -**

**ভাষা**

- ছবি দেখে বলতে শিখবে।
- পার্থক্য দেখিয়ে বলতে শিখবে।
- গল্প পড়ে বলতে শিখবে।

**পরিবেশ ঃ**

- পরিবেশে সংঘটিত ঘটনা, পশুপক্ষীদের ঘর মনে করে চিহ্নিত করবে।

**পাঠ ১৯ এ ৩ টি চিত্র আছে।**

- ১ নং ছবি শিশুদের দেখতে দেবেন। একক ভাবে দেখার পরে যা দেখছে তা দলের ভিতরে কথাবার্তা হবে ও শ্রেণীগৃহে বলবে।
- ছবি নম্বর ২ দেখবেন। দলের মধ্যে ছবি সম্পর্কে আলোচনা করবেন।
- একক ভাবে পার্থক্য নির্দেশ করবে।
- ৩ নম্বর ছবি দেখবে। কি দেখছে আলোচনা করবে।
- সকলে গোল হয়ে বসে চিত্র থেকে গল্প তৈরি করবে ও বলবে।